# কুইন্স (Queens)
ডিস্ট্রিক্ট 19–32, 34

**আগাম ভোট দান**
28 অক্টোবর – 5 নভেম্বর

**নির্বাচনের দিন**
7 নভেম্বর

# 2023 NYC সাধারণ নির্বাচন
# ভোটার গাইড

ভোটপ্রদান সহজ করা হয়েছে
nycvotes.org/bn

NYC VOTES
নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ

# 2023-এর NYC এর ভোটার গাইড

আপনি এই ভোটার গাইডটি পাচ্ছেন কারণ আপনি একজন নিবন্ধিত ভোটার এবং সাম্প্রতিক একটি নির্বাচনে ভোট দিয়েছেন। আপনার ডিস্ট্রিক্টের প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, **bengali.nycvotes.org/candidates**-এ যান।

**আমি কখন ভোটপ্রদান করব?**

- 7 নভেম্বর মঙ্গলবার সাধারণ নির্বাচন।
- আপনি শনিবার, 28 অক্টোবর থেকে রবিবার, 5 নভেম্বর পর্যন্ত আগাম ভোট দিতে পারেন। সোমবার, 6 নভেম্বর তারিখে কোনও আগাম ভোট দান নেই।

**আমি কী উদ্দেশ্যে ভোটপ্রদান করব?**

**অফিসগুলি**

- সিটি কাউন্সিল
- ডিস্ট্রিক্ট অ্যাটর্নি (ব্রঙ্কস (Bronx), কুইন্স (Queens), স্টাটেন আইল্যান্ড (Staten Island))
- স্টেট উচ্চ আদালতের বিচারপতি (ম্যানহাটন (Manhattan), ব্রঙ্কস, কুইন্স, ব্রুকলিন (Brooklyn))
- নাগরিক আদালতের বিচারপতি
- সারোগেট আদালত (ব্রুকলিন)
- ব্যালট প্রস্তাবনাসমূহ

আপনার ব্যালটে নির্দিষ্ট অফিসগুলি আপনি কোথায় থাকেন তার উপর নির্ভর করে। **vote.nyc/page/find-your-poll-site**-এ আপনার ব্যালট দেখুন।

**nycvotes.org/bn-এ আরও জানুন!**

## নির্বাচনের তারিখ এবং শেষ তারিখগুলি

| | |
|---|---|
| **23 অক্টোবর** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (অনলাইন বা ডাকযোগে)<br>*আপনি যদি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মটি ডাকযোগে পাঠান, তাহলে নির্বাচন বোর্ডের কাছে তা অবশ্যই এই তারিখের মধ্যে এটি পৌঁছে যেতে হবে। |
| **28 অক্টোবর** | **ভোটার নিবন্ধনের শেষ তারিখ**<br>**আগাম ভোট শুরু হবে** |
| **5 নভেম্বর** | **আগাম ভোট শেষ হবে** |
| **6 নভেম্বর** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (নির্বাচন বোর্ড অফিসে ব্যক্তিগতভাবে) |
| **7 নভেম্বর** | **সাধারণ নির্বাচনের দিন (সকাল 6:00টা – রাত 9:00টা)**<br>**আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পোস্টমার্ক করার বা এটি একটি পোল সাইটে গিয়ে পৌঁছে দেওয়ার শেষ তারিখ** |

## সূচীপত্র


3 কীভাবে ভোটপ্রদান করতে হবে
4 আপনার পোল সাইটে কী আশা করা যায়
5 ভোটার হিসেবে আমার অধিকারগুলি কী?
6 অ্যাক্সেসযোগ্যতা
7 নমুনা ব্যালট
8 নির্বাচিত কর্মকর্তাদের করণীয় কী?
9 সিটি কাউন্সিল সম্পর্কে
11 ব্যালটে প্রার্থীরা
58 ব্যালট প্রস্তাবনাসমূহ
61 NYC Votes এর ব্যাপারে
62 সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী
64 নির্বাচন বোর্ডের (Board of Elections) সাথে যোগাযোগ করুন

# কীভাবে ভোটপ্রদান করতে হবে

## পোল সাইট এবং ভোটপ্রদানের সময়সূচী

**আপনার পোল সাইট কোথায় রয়েছে এবং ভোটপ্রদানের সময় খুঁজে নিন:**

- **nycvotes.org/bn**-এ যান।
- NYC নির্বাচন বোর্ডকে কল করুন 866-VOTE-NYC (866-868-3692)-এ বা TTY 212-487- 5496-এ।

## নির্বাচনের দিন

নির্বাচনের দিন, 7 নভেম্বর সকাল 6:00 টা থেকে রাত 9:00 টা পর্যন্ত ভোট কেন্দ্রগুলি খোলা থাকবে। আপনাকে অবশ্যই আপনার পোল সাইটে ভোট দিতে হবে।

**পোল সাইটের স্থান পরিবর্তন হতে পারে এজন্য আপনি যাওয়ার আগে অবশ্যই চেক করুন!**

## আগাম ভোট দান

নির্বাচনের দিন আপনি ব্যক্তিগতভাবে আগাম ভোট দিন পারেন!

**কী জানা দরকার**

- আপনার একটি নির্ধারিত আগাম ভোট সাইট রয়েছে, যা সম্ভবত আপনার নির্বাচনের দিনের পোল সাইট থেকে আলাদা।
- সময়সূচি প্রতিদিন পরিবর্তিত হয়, তাই যাওয়ার আগে আপনার পোল সাইটটি চেক করুন এবং সেটির সময়সূচি নিশ্চিত করুন।

**আগাম ভোট দানের তারিখগুলি**

শনিবার, 28 অক্টোবর থেকে রবিবার, 5 নভেম্বর পর্যন্ত।

## ডাক যোগে ভোট দিন

আপনার যদি কোনো বৈধ কারণ থাকে, যেমন নির্বাচনের দিন নিউ ইয়র্ক থেকে দূরে থাকা বা অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে তাহলে আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন।

23 অক্টোবর হচ্ছে আপনার ব্যালট অনলাইনে অনুরোধ করার, অথবা নির্বাচন বোর্ডর (Board of Elections) কাছে ডাকযোগে আপনার অনুরোধটি পৌঁছানোর শেষ তারিখ।

আপনি যদি ডাকযোগে ভোট দেওয়ার পরিকল্পনা করেন তবেই কেবল অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করুন। আপনি যদি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরে ব্যক্তিগতভাবে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোটপ্রদান করতে হবে।

**কীভাবে আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করবেন:**

- **nycabsentee.com**-এ যান।
- শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।
- আপনার স্থানীয় NYC নির্বাচন বোর্ডের অফিসে যান। ব্যক্তিগতভাবে আপনার অনুরোধ জমা দেওয়ার শেষ সময়সীমা 6 নভেম্বর।

**আপনার যদি দৃষ্টি সংক্রান্ত অক্ষমতা থাকে বা প্রতিবন্ধকতা থাকে**

স্ক্রিন রিডার দ্বারা আপনার ব্যালট পড়ে শোনানোর জন্য, আপনি **nycabsentee.com/accessibility**-এ বা উপরের নম্বরে কল করে একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন।

**আপনার ব্যালট ট্র্যাক করুন**

আপনি **nycabsentee.com/tracking**-এ গিয়ে NYC নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালট ট্র্যাক করতে পারেন।

# আপনার পোল সাইটে কী আশা করা যায়

## পৌঁছানোর পরে চেক ইন করুন

আপনি যখন প্রবেশ করবেন, তখন একজন ভোট কর্মী আপনাকে দেখিয়ে দেবেন কোথায় সাইন ইন করতে হবে। তারা নিবন্ধিত ভোটারদের তালিকায় আপনাকে খুঁজবে এবং আপনাকে ব্যালট দেওয়ার আগে আপনার স্বাক্ষর যাচাই করবে।

**উপদেশ: আপনি যদি নির্বাচন বোর্ড থেকে ডাকযোগে একটি ফাস্ট পাস পেয়ে থাকেন, তাহলে দ্রুত চেক ইন করার জন্য সেটি আপনার সঙ্গে নিয়ে আসবেন!**

*ভোট দেওয়ার জন্য আপনাকে আইডি দেখাতে হবে না, যদি না আপনি প্রথমবার ভোটপ্রদানকারী হন যিনি ভোটপ্রদান করতে নিবন্ধন করার সময় DMV বা সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করেননি।

## আপনার ব্যালট পূরণ করুন

আপনার পছন্দের পাশে দেওয়া ডিম্বাকারটি সম্পূর্ণরূপে পূরণ করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।

আপনি যদি কোনো ভুল করেন বা আপনার ব্যালট সম্পর্কে যদি কোনো প্রশ্ন থাকে, আপনি একজন ভোট কর্মীর কাছে সাহায্য চাইতে পারেন!

*আপনার ব্যালটের উভয় দিক যাচাই করে নিতে ভুলবেন না যাতে আপনি কিছু ছেড়ে না দেন।

## আপনার ব্যালট স্ক্যান করুন

একবার আপনার ব্যালট পূরণ করা হয়ে গেলে, একজন ভোট কর্মী আপনাকে স্ক্যানারে আপনার ব্যালট ঢোকাতে সাহায্য করবেন। আপনার ভোটপ্রদান হয়ে গেলে স্ক্যানার আপনাকে জানাবে।

## আপনার স্টিকার প্রাপ্ত করুন

আপনার স্টিকার নিন! এটি পরুন, এটি দেখান এবং নিশ্চিত করুন যে আপনার বন্ধুরা এবং পরিবারও যাতে ভোট দেওয়ার পরিকল্পনা করেন।

# একজন ভোটার হিসাবে আমার অধিকারসমূহ কী?

## সাধারণ নির্বাচনে আপনার ভোট দেওয়ার অধিকার থাকবে যদি:

- আপনি হলেন একজন নিবন্ধিত ভোটার।
- বন্ধ হওয়ার সময়ের মধ্যে আপনি আপনার পোল সাইটে লাইনে থাকেন।

## যেকোনো নির্বাচনে আপনার এই অধিকারগুলি থাকবে:

- সাহায্যের জন্য একজন ভোট কর্মীকে জিজ্ঞাসা করুন, বা আপনার যদি কোন ভাষাগত সহায়তার প্রয়োজন হয়, তবে একজন দোভাষীর অনুরোধ করুন। দোভাষী সম্পর্কে আরও তথ্যের জন্য শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ কল করুন।
- আপনাকে ভোটপ্রদান করতে সহায়তা করার জন্য কাউকে (আপনার নিয়োগদাতা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) সঙ্গে নিয়ে আসুন।
- আপনার সঙ্গে এই ভোটার গাইডটি সহ অন্যান্য মুদ্রিত প্রকাশনা নিয়ে আসুন।
- যদি ভোটপ্রদান করার মেশিন নষ্ট থাকে, তথাপি ভোটপ্রদান করুন।
- যদি আপনার পোল সাইটে ভোটার তালিকায় আপনার নাম না থাকে, তবে এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোটপ্রদান করুন।
- একটি প্রবেশযোগ্য ভোট কেন্দ্র যা শারীরিক প্রতিবন্ধকতা মুক্ত।
- আপনার ব্যালট জমা দিতে একটি অ্যাক্সেসযোগ্য ভোট দান করার মেশিন ব্যবহার করুন।
- আপনার যোগ্যতা বা অক্ষমতা নির্বিশেষে ভোট দিন।

## অপরাধী বা অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত ব্যক্তিদের ভোট দেওয়ার অধিকার:

- অন্যায় এবং লঙ্ঘনের ক্ষেত্রে দোষী সাব্যস্ততা আপনাকে ভোট দেওয়া থেকে আটকায় না, এমনকি আপনি জেলে থাকলেও।
- যদি আপনি বর্তমানে একটি অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারাবাসে থাকেন, তাহলে আপনি ভোট দেওয়ার জন্য অযোগ্য। যাইহোক, যদি আপনি একটি অপরাধমূলক কার্যের জন্য দোষী সাব্যস্ত হন এবং আপনার সাজা স্থগিত থাকে, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি কোনো অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন এবং আপনি কারাগার থেকে মুক্তি পেয়ে থাকেন, তাহলে আপনি ভোট দিতে পারবেন। তবে, আপনাকে আবার ভোটপ্রদান করতে নিবন্ধন করতে হবে।
- যদি আপনি বর্তমানে প্রবেশন বা প্যারোলে থাকেন, তাহলেও আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি বর্তমানে কোনো অপরাধমূলক কার্যের জন্য জেলে থাকেন বা বিচারের অপেক্ষায় থাকেন, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।

## আপনার সহায়তা প্রয়োজন হলে কার সাথে যোগাযোগ করবেন:

- আপনার পোল সাইটে কোনো সমস্যা হলে, একজন ভোট কর্মীকে বলুন বা 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ NYC নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন।
- আপনার অধিকার লঙ্ঘন হলে, একজন প্রশিক্ষিত নির্বাচন সুরক্ষা স্বেচ্ছাসেবকের সাথে কথা বলার জন্য এবং বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার জন্য 866-OUR-VOTE (866-687-8683)-এ ইলেকশন প্রোটেকশন হটলাইনে কল করুন।
- (866) 390-2992-এ কল করে বা ag.ny.gov/election-hotline-এ গিয়ে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলকে আপনার অভিযোগ জানান।

# অ্যাক্সেসযোগ্যতা

**নিউ ইয়র্কের প্রতিটি ভোটারের গোপনীয় ও স্বতন্ত্রভাবে ব্যালট ভোট দান করার অধিকার রয়েছে। অক্ষমতার কারণে বা সীমিত ইংরেজী দক্ষতার কারণে আপনার ব্যালট পূরণ করতে যদি আপনার সহায়তার প্রয়োজন হয় তবে সহায়তা পাওয়া যাবে।**

## অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালট

আপনি যদি দৃষ্টি প্রতিবন্ধী হন বা কোনও কাগজের ব্যালট চিহ্নিত করতে না পারেন তাহলেও আপনি ডাকযোগে ভোট দিতে পারবেন। আপনি একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন যা একটি স্ক্রিন রিডার দ্বারা পড়া যায় এবং একটি কম্পিউটার ব্যবহার করে পূরণ করা যায়। একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে, এখানে যান: **nycabsentee.com/accessibility** বা 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ কল করুন শ্রবণ প্রতিবন্ধীদের জন্য।

## ভাষা ও দোভাষী পরিষেবা

শহর জুড়ে অনেক পোল সাইটে দোভাষী পাওয়া যায়। আপনার ব্যালট বুঝতে এবং সম্পূর্ণ করতে সাহায্য করার জন্য আপনার পরিবারের সদস্য, বন্ধু বা দোভাষী সহ কাউকে পাওয়ার অধিকার রয়েছে।

আপনি **vote.nyc**-এ গিয়ে কোন ভোটদান কেন্দ্রে দোভাষী প্রদান করে তা জানতে পারবেন। এছাড়াও আপনি 866-VOTE-NYC (866-868-3692)-এ কল করতে পারেন।

## ব্যালট মার্কিং ডিভাইস

**সমস্ত পোল সাইটগুলিতে ব্যালট মার্কিং ডিভাইস (Ballot marking devices, BMD) উপলব্ধ রয়েছে ভোটারদের জন্য আরও ভাল অ্যাক্সেসযোগ্যতা প্রদানের জন্য, যার মধ্যে রয়েছেন যারা অন্ধ, দৃষ্টি প্রতিবন্ধী, বা এমন একটি অক্ষমতা বা অবস্থাযুক্ত যা কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা কঠিন বা অসম্ভব করে তোলে।**

যদি আপনি একটি BMD ব্যবহার করতে চান, তাহলে একজন ভোট কর্মীকে বলুন! ব্যালটটিকে প্রদর্শিত স্ক্রিনে দেখতে, অতিরিক্ত ভাষাগুলিতে অনুবাদ করতে বা হেডফোন ব্যবহার করে আপনার পছন্দগুলি শুনতে আপনি এটি ব্যবহার করতে পারেন।

## আপনার ব্যালট চিহ্নিত করার জন্য এই ডিভাইস চারটি উপায় প্রদান করে:


টাচ স্ক্রিন


কিপ্যাড (ব্রেইল)


সিপ ও পাফ ডিভাইস


রকার প্যাডেল

- আপনি টেক্সটাকে বড় করতে "ZOOM IN" (জুম ইন) করতে পারেন, টেক্সটটিকে মূল আকারে ফিরিয়ে আনতে "ZOOM OUT" (জুম আউট) করতে পারেন অথবা কালো ব্যাকগ্রাউন্ডে সাদা টেক্সটে ব্যালট প্রদর্শনের জন্য "HIGH CONTRAST" (হাই কন্ট্রাস্ট) নির্বাচন করতে পারেন।
- আপনি পুনুরাবৃত্তি করতে পারেন এবং হেডফোনের গতি এবং ভলিউম কম-বেশ করতে পারেন।
- মনে রাখবেন! আপনার চয়নগুলি পাকাপাকি হবে না যতক্ষণ না আপনি আপনার চিহ্নিত করা ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করেন এবং ভোট দান করেন।
- যদি আপনার ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করাতে আপনার সহায়তার প্রয়োজন হয়, তবে একজন ভোট কর্মী আপনার সহায়তা করবে।

# নমুনা ব্যালট

নীচের নমুনা ব্যালটটি শুধুমাত্র প্রদর্শনের জন্য। এটি আপনার প্রকৃত ব্যালট নয় এবং এটি পূরণ করলে আপনার ভোট হিসাবে গণনা করা হবে না।

| | | |
|---|---|---|
| **City Council**<br>**সিটি কাউন্সিল** | ⬭<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ⬭<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **District Attorney**<br>**ডিস্ট্রিক্ট অ্যাটর্নি**<br>Bronx, Queens, Staten Island | ⬭<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ⬭<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **State Supreme Court**<br>**স্টেট সুপ্রিম কোর্ট**<br>Manhattan, Bronx, Queens, Brooklyn | ⬭<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ⬭<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **Civil Court Judges**<br>**নাগরিক আদালতের বিচারপতি** | ⬭<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ⬭<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |
| **Surrogate's Court**<br>**সারোগেট আদালত**<br>Brooklyn | ⬭<br>**Candidate A**<br>**প্রার্থী A**<br>Party 1<br>দল 1 | ⬭<br>**Candidate B**<br>**প্রার্থী B**<br>Party 2<br>দল 2 |

## আমার শীর্ষস্থানীয় পছন্দগুলি

সিটি কাউন্সিলের জন্য আপনার সেরা পছন্দের তালিকা তৈরি করতে এই পেজটি ব্যবহার করুন। পোল সাইটে আপনার ব্যালট যখন পূরণ করতে যাবেন তখন এটি তথ্যসূত্র হিসাবে আপনার সঙ্গে আনতে পারেন।

### সিটি কাউন্সিল

### ব্যালট প্রস্তাবনাসমূহ

প্রস্তাবনা 1

প্রস্তাবনা 2

**অনুস্মারক! আপনার পার্টি এবং আপনি যেখানে থাকেন তার উপর ভিত্তি করে আপনার ব্যালটে অতিরিক্ত অফিস থাকতেও পারে।**

আপনি **findmypollsite.vote.nyc**-এ গিয়ে নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালটের একটি নমুনার পূর্বরূপ দেখতে পারেন

# নির্বাচিত কর্মকর্তাগণ কি করবেন?

আমাদের নির্বাচিত কর্মকর্তারা প্রতিদিন এমন সব সিদ্ধান্ত নেন যা চাকরি, আবাসন, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং আরও অনেক কিছুকে প্রভাবিত করে। আপনার ব্যালটে মজুদ অফিসগুলি সম্পর্কে আরও জানুন।

**আপনার ডিস্ট্রিক্টের প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, bengali.nycvotes.org/candidates-এ যান।**

## সিটি অফিসগুলি

### সিটি কাউন্সিল

সিটি কাউন্সিল হচ্ছে নিউ ইয়র্ক সিটির সরকারের আইনী, বা আইন প্রণয়নকারী শাখা। 51 জন সদস্য আছে। কাউন্সিলের সদস্যরা সাধারণত 4 বছর (টানা 2 মেয়াদ পর্যন্ত) কার্যভার সামলান।

2020 সালের আদমশুমারির পরে, জনসংখ্যার পরিবর্তনের সাথে সামঞ্জস্য মিলানোর জন্য সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টগুলিকে পুনরায় সংশোধিত করা হয়েছিল। এই প্রক্রিয়ার কারণে, 2021 এবং 2023 সালে নির্বাচিত কাউন্সিলের সদস্যরা নতুনভাবে সংশোধিত ডিস্ট্রিক্টগুলিতে 2 বছরের মেয়াদে কার্যভার সামলাবেন। 2025 সালে, 4 বছরের মেয়াদ আবার শুরু হবে।

- বিল জারি করেন এবং সেগুলির জন্য ভোট দেন।
- শহরের বাজেট সম্পর্কে আলোচনা এবং অনুমোদন করেন।
- সিটি এজেন্সির তত্ত্বাবধান করেন।
- আমাদের শহরের উন্নয়ন এবং বিকাশ সম্পর্কে সিদ্ধান্ত নেন।
- তাদের নির্বাচকজন্য সহায়তা প্রদান করেন।

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc-এ খুঁজুন।**

## কাউন্টি অফিসগুলি

### ডিস্ট্রিক্ট অ্যাটর্নি

ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হচ্ছেন তাদের কাউন্টির সর্বোচ্চ প্রসিকিউটার। তারা 4 বছরের জন্য কার্যভার সামলান। মেয়াদের কোন সীমা নেই।

- কোন মামলার বিচার করতে হবে (এবং কোনটি নয়) তার সিদ্ধান্ত নেন।
- সব ফৌজদারি মামলা তদারকি করেন।
- অপরাধমূলক আচরণের তদন্ত এবং বিচার করেন।

## বিচারপতি

### স্টেট সুপ্রিম কোর্ট

রাজ্যের উচ্চ আদালতের বিচারপতিরা তাদের কাউন্টির মধ্যে বড় বড় অপরাধ এবং দেওয়ানী মামলার তদারকি করেন। সুপ্রিম কোর্ট নিউইয়র্ক স্টেটের ট্রায়াল আদালত; আপিল আদালত হল সর্বোচ্চ আদালত। তারা 14-বছরের মেয়াদে কাজ করেন।

- বিবাহ বিচ্ছেদ, আলাদা এবং বাতিলের কার্যক্রমে সভাপতিত্ব করে।
- গুরুতর অপরাধের ফৌজদারি বিচার পরিচালনা করে (যার জন্য এক বছরের বেশি সাজা দেওয়া যেতে পারে)।
- নাগরিক সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নেন, যেমন চুক্তি এবং নির্যাতনের দাবি।

### নাগরিক আদালত – কাউন্টি ও ডিস্ট্রিক্ট

নাগরিক আদালতের বিচারকরা কাউন্টি বা ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করতে পারেন, তাই আপনি আপনার ব্যালটে একাধিক নাগরিক আদালতের বিচারপতিদের দেখতে পারেন। বিচারপতিরা 10 বছরের মেয়াদের জন্য নির্বাচিত হন এবং এমন মামলাগুলির বিচার করেন যার মধ্যে রয়েছে:

- $50,000 পর্যন্ত নাগরিক সংক্রান্ত বিষয়।
- বাড়িওয়ালা-ভাড়াটে সংক্রান্ত বিষয় এবং আবাসনের গুণমান রক্ষণাবেক্ষণ সংক্রান্ত মামলা।
- অপরাধমূলক কর্মের ফৌজদারি বিচার।

### সারোগেট কোর্ট

সারোগেট কোর্টের বিচারকরা কাউন্টি বাসিন্দাদের মৃত্যুর পর তাদের এস্টেট জড়িত মামলার সিদ্ধান্ত নেন। তারা 14 বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন এবং মামলাগুলির শুনানী করেন যার মধ্যে রয়েছে:

- মৃত ব্যক্তির বিষয়গুলি যেমন উইল এবং এস্টেটের প্রশাসন।
- দত্তক।
- অভিভাবকত্ব।

# একজন সিটি কাউন্সিলের সদস্যের জীবনের একটি দিন


**সিটি কাউন্সিলের সদস্যরা আপনার জন্য কী করেন?**

- আবাসন, স্বাস্থ্যসেবা, শিক্ষা, জননিরাপত্তা এবং আরও অনেক কিছুর বিষয়ে বিলের খসড়া তৈরি করেন এবং সেগুলির জন্য ভোট দেন। কাউন্সিলের সদস্যরা বার্ধক্য থেকে যুব পরিষেবা পর্যন্ত বিষয়গুলিতে কমিটিতে যোগও দিতে পারেন।
- শহরের ~$107 বিলিয়ন এর বাজেট তৈরি এবং অনুমোদন করতে মেয়রের সাথে কাজ করেন। প্রতিটি কাউন্সিলের সদস্য তাদের ডিস্ট্রিক্টে স্কুল নির্মাণ এবং উন্নয়নমূলক কাজে ~$5 মিলিয়ন এর বাজেট এবং অলাভজনক সংস্থাগুলিকে সমর্থন করার জন্য ~$500,000-এর অতিরিক্ত বাজেটের তদারকি করেন।
- নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ এবং নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগ সহ নিউ ইয়র্কবাসীদের পরিষেবা দেয় এমন সিটি এজেন্সিগুলি পর্যবেক্ষণ করেন।
- সম্পত্তির মালিকদের জন্য জোনিং তত্ত্বাবধান, ল্যান্ডমার্ক সংরক্ষণ এবং শহরের জমি ও জনসাধারণের সুবিধাগুলি তদারকি সহ শহর জুড়ে বিল্ডিং এবং জমির ব্যবহার নির্ধারণ করেন।
- আপনার মত নির্বাচক সাহায্য করেন। কাউন্সিলের সদস্যরা এবং তাদের অফিসগুলি আপনাকে ট্যাক্স প্রস্তুতি, সাশ্রয়ী মূল্যের আবাসন, বৃক্ষরোপণ, নোংরা ফুটপাথ, গর্ত পরিষ্কার, পথচারীদের নিরাপত্তা এবং আরও অনেক কিছুর ক্ষেত্রে সাহায্য করতে পারেন। আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার কাউন্সিলের সদস্যের সাথে যোগাযোগ করুন!

## নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের ম্যাপ

- NYC এর 51টি সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট রয়েছে
- ~172,000 ভোটার প্রতিটি ডিস্ট্রিক্টে বাস করে
- সিটি কাউন্সিল NYC-এর ~$107 বিলিয়ন এর বাজেট অনুমোদন করে

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**



# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/plan-your-ballot**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 19

**ডেমোক্র্যাটিক, ট্যাক্সপেয়ার্স ইউনাইট**

- টোনি আভেল্লা (Tony Avella)

**রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান**

- ভিকি পালাডিনো (Vickie Paladino)

যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।

---



## টোনি আভেল্লা (Tony Avella)

ডেমোক্র্যাটিক, ট্যাক্সপেয়ার্স ইউনাইট

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ঘৃণামূলক অপরাধ সহ অপরাধ হ্রাস করুন
2. এক-দুটি পরিবারের ঘর বাঁচান
3. অবিলম্বে কলেজ পয়েন্টের রাস্তা সংস্কার করুন

*"নগর/রাজ্য সরকারে আমার অতীতের অভিজ্ঞতা এবং উত্তর-পূর্ব কুইন্সের জ্ঞান আমাকে আমাদের অবনতিশীল জীবনের গুণমান পুনরুদ্ধার করতে, ক্ষুদ্র ব্যবসায় সাহায্য করতে, পুলিশকে সহায়তা করতে এবং অপরাধ কমাতে "প্রথম দিন" থেকে কাজ শুরু করতে সক্ষম করে। আমি SHSAT রাখতে, গিফটেড/ট্যালেন্টেড প্রোগ্রামগুলি প্রসারিত করতে, স্কুল প্রোগ্রামের জন্য ফান্ড প্রদান করতে, সিনিয়র সিটিজেন/ভেটারান প্রোগ্রামের প্রসার করতে, স্থানীয় আইন 97-এর সিটি ফান্ডিং, এবং NYC-এর অবসরপ্রাপ্তদের স্বাস্থ্য সুবিধাগুলিকে সমর্থন করার জন্য লড়াই করব। বরো সভাপতি ডোনোভান রিচার্ডস (Donovan Richards), কংগ্রেসওম্যান গ্রেস মেং (Grace Meng), স্টেট সিনেটর স্ট্যাভিস্কি (Stavisky), অ্যাসেম্বলিম্যান ব্রাউনস্টেইন (Braunstein) এবং ওয়েপ্রিন (Weprin), UFT, RWDSU এবং ATU লোকাল 1056 দ্বারা অনুমোদিত।"*

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্বের পেশা:** স্টেট সিনেটর 2010-18

**শিক্ষা:** BA হান্টার কলেজ রাষ্ট্রবিজ্ঞান

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** নাইটস অব কলম্বাস; নাইটস অব প্যাথিয়াস; সন্স অব ইতালি

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** সিটি কাউন্সিলের সদস্য, জোনিং চেয়ার 2001-09

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ভিকি পালাডিনো (Vickie Paladino)

রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জন নিরাপত্তা রক্ষা করা
2. জীবনের মান উন্নত করা ও জোনে ভাগ করা।
3. শিক্ষা ও আমাদের শিক্ষার্থীদের সুরক্ষিত রাখা।

*"অফিসে আমার প্রথম মেয়াদে আমরা দারুণ অগ্রগতি করেছি এবং জননিরাপত্তা, জীবনের গুণমান ও শিক্ষায় জয়লাভ করে দেখিয়েছি। আমি এমন এক বাজেট পাস করিয়েছি যা NYPD ফান্ডিং পুনর্বহাল করেছে, কলেজ পয়েন্টে আরও বেশি পুলিশ বহাল করেছি, অতিরিক্ত মিলিয়ন মূল্যের ফান্ডিং করেছি আমাদের স্কুলগুলিতে, ডগলাস্টনের ব্যাউন পার্ক ও স্যান্ডহিল রোডের মতো থমকে যাওয়া প্রকল্পগুলি সম্পূর্ণ করেছি, পরিকাঠামো আপগ্রেড করতে শুরু করেছি এবং হোয়াইটস্টোন ও বেসাইডে বন্যা পরিস্থিতি শেষ করেছি ও স্কুলে অনুপযুক্ত কন্টেন্ট থেকে শিশুদের রক্ষা করেছি। শুধু আমাদের প্রথম বছরেই আমরা প্রায় 1,500 সাংবিধানিক মামলা বন্ধ করেছি, আর এই তো সবে শুরু।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** ক্ষুদ্র ব্যবসার মালিক

**শিক্ষা:** হাই স্কুল

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রেসিডেন্ট, হোয়াইটস্টোন রিপাবলিকান ক্লাব, 2019 সালের রিপাবলিকান মহিলা

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** বর্তমান কাউন্সিলের সদস্য, ডিস্ট্রিক্ট 19

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | টোনি আভেল্লা (Tony Avella) ✓<br>ডেমোক্র্যাটিক, ট্যাক্সপেয়ার্স ইউনাইট | ভিকি পালাডিনো (Vickie Paladino) ✓<br>রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান |
|---|---|---|
| **অপরাধ** | আমি পুলিশকে সমর্থন করি এবং NYPD কে ডিফান্ড করার যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে ভোট দেব। উত্তর-পূর্ব কুইন্স-এর একটি নতুন পুলিশ নির্বাচন-কেন্দ্রের এলাকা তৈরি করতে এবং অ্যান্টি-এশিয়ান, অ্যান্টি-সেমিটিক, এবং অ্যান্টি-LGBTQ+ আক্রমণগুলিকে মোকাবেলা করার জন্য ঘৃণামূলক অপরাধের শাস্তি দ্বিগুণ করার জন্য আমি সহায়তা করবো এবং ফান্ড দেব। | জননিরাপত্তা আমার চূড়ান্ত অগ্রাধিকার। আমি এমন এক বাজেট পাস করতে সাহায্য করেছি যাতে পুলিশদের অর্থায়ন সম্পূর্ণ ফিরিয়ে আনা হয়েছে এবং আমাদের ডিস্ট্রিক্টে আরও অফিসার বহাল করা হয়েছে। আমি চাই নগদ টাকাহীন জামিন সম্পূর্ণ বাতিল করা হোক, রাইকার্স খোলা রাখা হোক এবং অগ্রগতিশীল DA যারা মামলায় আসতে অস্বীকার করেন তাদেরকে অপসারণ করা হোক। আইন ও শৃঙ্খলা অবশ্যই ফিরিয়ে আনতে হবে। |
| **মুদ্রাস্ফীতি** | মুদ্রাস্ফীতি মোকাবেলা করার জন্য, আমি পেট্রল/ব্যবসায়িক কর এবং বাড়ির মালিক/কন্ডো/কো-অপ সম্পত্তি ট্যাক্সের হ্রাস সমর্থন করি। কম খাদ্য মূল্য এবং প্রেসক্রিপশন ওষুধের খরচের মাধ্যমে ভোক্তাদের কাছে সঞ্চয় করে সুপারমার্কেট এবং ফার্মাসিতে ব্যবসা পরিচালনার খরচ কমান। | মূল্যবৃদ্ধি আমাদেরকে সকলকেই গরিব করে তোলে এবং তার প্রভাব সবথেকে বেশি পড়ে গরিব ও মধ্যবিত্তদের উপর। আমরা এক জাতীয় মূল্যবৃদ্ধির সঙ্কটের সম্মুখীন, এবং তার থেকে পরিত্রাণের একমাত্র উপায় হল আর্থিক শৃঙ্খলা, দৃঢ় অর্থনীতি ও শক্তির সাশ্রয়ী মূল্য নির্ধারণ করা। |
| **গণতন্ত্র রক্ষা** | রাজনৈতিক হস্তক্ষেপ থেকে ভোটপ্রদানের সিস্টেম/নির্বাচন অফিসিয়াল রক্ষা করা আমাদের গণতন্ত্র রক্ষার চাবিকাঠি। ভোটপ্রদানের অধিকারসমূহ রক্ষা করা/ভোটপ্রদান সহজ করাও গুরুত্বপূর্ণ। আমি ভোটার ভয় দেখানো বন্ধ করতে ভোট কেন্দ্রে নির্বাচনের দিন নির্বাচন প্রচারণা নিষিদ্ধ করতেও বিশ্বাস করি। | বাক স্বাধীনতা ও মেলামেশার স্বাধীনতা আমাদের দেশের ভিত্তিপ্রস্তর। তবে সম্প্রতি আমরা আমাদের প্রচারমাধ্যম, শিক্ষা প্রতিষ্ঠান, সরকার ও একচেটিয়া প্রযুক্তি সংস্থাগুলির প্রতি সেন্সরশিপ করার একটি আশঙ্কাজনক প্রবণতা দেখছি। এটি আমাদের গণতন্ত্রের আসল সঙ্কট, এবং এটি অবশ্যই সংশোধন করতে হবে। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 20

**গণতান্ত্রিক**

- স্যান্ড্রা আং (Sandra Ung) ✓

**রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান, চিকিৎসার স্বাধীনতা**

- ইউ-চিং জেমস পাই (Yu-Ching James Pai) ✓

**উন্নত ফ্লাশিং**

- জিন লিয়াং (Jin Liang) ড্যানি চেন (Dany Chen) ✓

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**

---



## স্যান্ড্রা আং (Sandra Ung) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. শিক্ষা
3. আবাসন

*“অফিসে আমার প্রথম বছরে, আমি আমাদের কমিউনিটির জন্য 109তম নির্বাচন-কেন্দ্রের এলাকার কর্মকর্তাদের বৃদ্ধি, বাসিন্দাদের জন্য বিনামূল্যে আইনি পরিষেবা, স্বাস্থ্যবিধান পরিষেবার জন্য রেকর্ড ফান্ডিং, আমাদের স্কুলগুলিতে বড় বিনিয়োগ এবং আমাদের গ্রিন স্পেসগুলির উন্নতি সহ গুরুত্বপূর্ণ সংস্থানগুলি সুরক্ষিত করেছি। পুনর্নির্বাচিত হলে, আমি নিরাপদ রাস্তা, আরও সাশ্রয়ী মূল্যের আবাসন, আরও ভাল স্কুল এবং পরিষ্কার পাড়ার জন্য লড়াই চালিয়ে যাব।”*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** সিনিয়র উপদেষ্টা, কংগ্রেসওম্যান গ্রেস মেং (Grace Meng)। নিউ ইয়র্ক স্টেট পার্ক সংরক্ষণ এবং ঐতিহাসিক সংরক্ষণ। নিউ ইয়র্ক সিটির নিয়ন্ত্রক। নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি। অ্যাটর্নি, পরিবারের জন্য আশ্রয়স্থল; সহযোগী অ্যাটর্নি, ডরসি (Dorsey) এবং হুইটনি (Whitney)

**শিক্ষা:** BA - CUNY হান্টার; J.D. - কলম্বিয়া আইন স্কুল

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** হলি সিভিক, AABANY

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** স্টেট কমিটিওম্যান

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ইউ-চিং জেমস পাই (Yu-Ching James Pai)

রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান, চিকিৎসার স্বাধীনতা

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. ক্ষুদ্র ব্যবসাগুলিকে সমর্থন করা
3. গুনগত শিক্ষা

*"আসুন আমরা ক্ষুদ্র ব্যবসাগুলিকে সাহায্য করি এবং সমর্থন করি এবং কঠোর পরিশ্রমী ব্যক্তি এবং পরিবারগুলির জীবনের গুণমান উন্নত করি যারা এখানে বাস করে এবং কাজ করে। জননিরাপত্তা একটি প্রধান উদ্বেগ। আমাদের বাচ্চারা মানসম্পন্ন শিক্ষা এবং বিশেষায়িত উচ্চ বিদ্যালয় এবং প্রতিভাধর এবং মেধাবী প্রোগ্রামের মাধ্যমে তাদের পূর্ণ সম্ভাবনা প্রদর্শনের সুযোগ পাওয়ার যোগ্য। আমাদের পরিবর্তন দরকার, এবং পরিবর্তন আসবে, আমাকে এই সুযোগ দিন, আমার ক্যাম্পেইন সমর্থন করুন এবং আমাকে ভোট দিন। 'পরিবর্তন আসতে চলেছে।"*

**বর্তমান পেশা:** স্বনির্ভর সার্টিফাইড সরকারি অ্যাকাউন্ট্যান্ট

**পূর্বের পেশা:** CPA ফার্মে অ্যাকাউন্ট্যান্ট

**শিক্ষা:** স্টেট ইউনিভার্সিটি অব New York - আলবানি(অ্যাকাউন্টিংয়ে BS) - 1996

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ফ্লাশিং সেন্ট্রাল লায়ন্স ক্লাব, তাইওয়ানিজ চেম্বার অফ কমার্স অফ নিউ ইয়র্ক ইনকর্পোরেটেড, চাইনিজ আমেরিকান সোসাইটি অফ CPA

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কোনোটিই নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## জিন লিয়াং (Jin Liang) ড্যানি চেন (Dany Chen)

উন্নত ফ্লাশিং

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. কমিউনিটির সুরক্ষা
2. পুলিশ কভারেজ এবং ফান্ডিং বাড়ান
3. আইন শৃঙ্খলা সামাজিক ন্যায়বিচার বাড়ান

*"আমি একজন স্বামী এবং দুই সন্তানের বাবা হতে পেরে সম্মানিত। আমার কমিউনিটি আমাকে একজন যাজক এবং কমিউনিটির অ্যাক্টিভিস্ট হিসেবে কাজ করার সুযোগ দিয়েছে। আমাদের কমিউনিটির একজন উকিল হিসাবে, আমি গুরুত্বপূর্ণ বিষয়গুলির জন্য লড়াই করি। আমি একটি উন্নত ফ্লাশিং কমিউনিটি তৈরি করার জন্য আপনার পাশাপাশি লড়াই চালিয়ে যাব যাতে আমরা যে জায়গাটিকে আমরা বাড়ি বলে থাকি তার জন্য আমরা গর্বিত হতে পারি। আমি সবসময় আমাদের আইন প্রয়োগকারীকে সমর্থন করব এবং তারা এখানে যে কাজ করতে এসেছে তার পাশে দাঁড়াবো। এই বিশৃঙ্খল পরিবেশে, আমি সিটি কাউন্সিলে আপনার প্রতিনিধি হিসাবে এই কমিউনিটির মানুষের যোদ্ধা।"*

**বর্তমান পেশা:** এশিয়ান মার্কেটিং-এর ডিরেক্টর প্রহেলথ সলিউশন

**পূর্বের পেশা:** প্রযোজ্য নয়

**শিক্ষা:** প্রযোজ্য নয়

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** USA-এর চাইনিজ আমেরিকান অ্যালায়েন্সের প্রতিষ্ঠাতা কলেজ পয়েন্ট রেসিডেন্টস কোয়ালিশনের প্রতিষ্ঠাতা

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কলেজ পয়েন্ট, NY-এ একটি লিঙ্গ আশ্রয়ের রূপান্তর সেটআপের সুবিধা দিয়েছে

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | স্যান্ড্রা আং (Sandra Ung) ✓<br>গণতান্ত্রিক | ইউ-চিং জেমস পাই (Yu-Ching James Pai) ✓<br>রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান, চিকিৎসার স্বাধীনতা |
|---|---|---|
| **অপরাধ** | ইতিমধ্যেই 109 জনের জন্য অফিসার সংখ্যা বৃদ্ধি পেয়ে আমি গর্বিত, কিন্তু আরও পুলিশ অফিসার পাশাপাশি নিরাপত্তা ক্যামেরার জন্য নিরাপত্তা অব্যাহত রাখব। আমি অপরাধী বিচার ব্যাবস্থায় আরও মানসিক স্বাস্থ্য সংস্থান এবং ডাইভারশনারি প্রোগ্রামগুলি সুরক্ষিত করার জন্যও কাজ করব। | ভাল সংখ্যাগুলোকে আসলে কি ঘটছে তা প্রতারণা করতে দেবেন না। অনেক অপরাধই রিপোর্ট করা হয় না। ঘটনাস্থলে পৌঁছাতে পুলিশের 45 মিনিটের বেশি সময় লাগে। শুধু অসহায়ই নয়, এটি ভুক্তভুগিদের কল করতে নিরুৎসাহিত করে। আমাদের রাস্তায় আরো অফিসারদের বাস্তবায়নের মাধ্যমে আমাদের উন্নতি করতে হবে। |
| **মুদ্রাস্ফীতি** | মুদ্রাস্ফীতি ওয়ার্কিং ক্লাস ফ্যামিলিগুলিকে ক্ষতিগ্রস্থ করছে এবং এর বিরুদ্ধে লড়াই করা একটি অগ্রাধিকার হওয়া উচিত। ভোক্তাদের জন্য খরচ কমাতে নিউ ইয়র্ক সিটিকে তার ক্ষমতায় সবকিছু করা উচিত। | একটি CPA হিসাবে, বর্তমান মুদ্রাস্ফীতি চাহিদা এবং সরবরাহ এবং মহামারীর অবশিষ্টাংশের ফলাফল। অত্যধিক চাহিদা এবং বিশ্বব্যাপী সরবরাহ চেইন প্রভাবিত হওয়ায় দাম বৃদ্ধি পায় এবং কর্মজীবী ও মধ্যবিত্ত পরিবারগুলি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়। |
| **গণতন্ত্র রক্ষা** | আমেরিকা আমাদের গণতন্ত্র উপর নির্মিত, এবং আমি গর্বিত যে আমি এটি রক্ষা করার জন্য লড়াই করেছি। সরকারী কার্যক্রমের চেয়ারম্যান হিসাবে, আমি সিনিয়র এবং সীমিত ইংরেজি দক্ষতার অধিকারীদের জন্য ব্যালট ডিজাইনের উন্নতি সহ ভোটপ্রদানে প্রবেশাধিকার বাড়িয়েছি। | মহামারী চলাকালীন এটি পরিষ্কার ছিল যে আমাদের দেশ কতটা গণতান্ত্রিক। তথ্য সেন্সর করা হয়েছিল, কণ্ঠস্বর দমন করা হয়েছিল এবং ধর্মের স্বাধীনতাকে উপেক্ষা করা হয়েছিল। আধ্যাত্মিক নেতাদের প্রয়োজনীয় কর্মী হিসাবে চিহ্নিত করা হয়নি। নির্বাচিত হলে, আমি উপাসনালয়গুলিকে উচ্চতর গুরুত্বের চিহ্নিত করার জন্য চাপ দেব। |

## জিন লিয়াং (Jin Liang)
## ড্যানি চেন (Dany Chen)

উন্নত ফ্লাশিং

ফান্ডিং বৃদ্ধি করে অপরাধ হ্রাস করুন, রাস্তায় আরও পুলিশ যোগ করুন এবং প্রতিক্রিয়ার সময় কমাতে একটি স্যাটেলাইট নির্বাচন-কেন্দ্রের এলাকা স্টেশন যোগ করুন।

মুদ্রাস্ফীতির হার আমাদের কমিউনিটির বাসিন্দাদের এবং ব্যবসার জীবনকে ধ্বংস করছে। আমাদের কমিউনিটির চাপ কমাতে সাহায্য করার জন্য আমাদের নগর সরকারে খরচ কমানোর উপায় খুঁজে বের করতে হবে।

জনগণের একটি ভাল কণ্ঠস্বর পেতে ভোটারদের ডেমোগ্রাফিক কভারেজ উন্নত করে গণতন্ত্র রক্ষা করুন। নির্বাচনের অখণ্ডতার জন্য লড়াই করুন

# প্রার্থীদের ভিডিও দেখুন

**প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/candidates-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 21

**গণতান্ত্রিক**

- ফ্রান্সিসকো পি মোয়া (Francisco P Moya) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## ফ্রান্সিসকো পি মোয়া (Francisco P Moya) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী আবাসন
2. স্কুলের ফান্ডিং
3. শ্রমিকদের সুরক্ষা

*"আমি 2018 সাল থেকে সিটি কাউন্সিল পূর্ব এলমহার্স্ট, লেফ্রাক সিটি এবং করোনার প্রতিনিধিত্ব করার সন্মান পেয়েছি। আমি ওয়ার্কিং নিউ ইয়র্ক বাসীদের জন্য লড়াই করেছি, অভিবাসীদের পক্ষে ওকালতি করেছি, সিনিয়রদের পক্ষে দাঁড়িয়েছি এবং সরকারি স্কুলে লক্ষ্য কোটি অর্থ বিতরণ করেছি। আমি আমাদের কমিউনিটিকে হাজারো সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট, নতুন স্কুল, একটি সিনিয়র সেন্টার এবং ভাল বেতনের চাকরি প্রদান করতে পেরে গর্বিত। আমি আমাদের রাস্তা নিরাপদ করতে সংস্থানগুলিতে বিনিয়োগ করছি। আমাদের সমস্ত আওয়াজ যেন শোনা যায় তা নিশ্চিত করার জন্য আমাদের একজন অভিজ্ঞ এবং নিবেদিত নেতৃত্বের প্রয়োজন।"*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য, ডিস্ট্রিক্ট 21

**পূর্ববর্তী পেশাগুলি:** NY স্টেট অ্যাসেম্বলির সদস্য; সরকারী সম্পর্ক

**শিক্ষা:** BA, সেন্ট জনস ইউনিভার্সিটি, ন্যাশনাল আরবান ফেলো, MPA বারুচ কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** করোনা লায়ন্স ক্লাব; সেন্ট লিও'স গোল্ডেন এজ ক্লাব

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NY রাজ্য অ্যাসেম্বলি সদস্য; ডিস্ট্রিক্ট ডেমোক্রেটিক নেতা

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

## ফ্রান্সিসকো পি মোয়া (Francisco P Moya)

গণতান্ত্রিক

| | |
|---|---|
| **অপরাধ** | আমাদের কমিউনিটিকে নিরাপদ করা একটি শীর্ষ মুখ্যচিন্তা। যুবকদের দলে যোগদান থেকে বিরত রাখতে, আসক্তি এবং মানসিক স্বাস্থ্যের মহামারীর চিকিৎসা এবং আইন প্রয়োগকারী সংস্থা এবং আমাদের কমিউনিটির মধ্যে আস্থা তৈরি করার পাশাপাশি তাদের জবাবদিহি করতে আমাদের প্রোগ্রামগুলিতে বিনিয়োগ করতে হবে। |
| **মুদ্রাস্ফীতি** | আমরা সবাই মুদির দোকানে মুদ্রাস্ফীতির বাস্তবতা দেখি। দাম বাড়লেও মজুরি স্থবির আছে। আমাদের ভোক্তাদের মূল্য বৃদ্ধি থেকে রক্ষা করতে হবে- এজন্যই আমি ডেলিভারি অ্যাপ নিয়েছি এবং তারা যে ফি নিতে পারে তা সীমাবদ্ধ করেছি যাতে গড় নিউ ইয়র্ক বাসীরা প্রতারিত না হয়। |
| **গণতন্ত্র রক্ষা** | আমাদের সরকার প্রবেশাধিকার ও অংশগ্রহণ বাড়াতে হবে। একটি উপায় হল ভোটপ্রদানের প্রবেশাধিকার বাড়ানো। নিউ ইয়র্ক সিটি নির্বাচন অনাগরিকদের ভোট দেওয়ার অনুমতি দিয়ে মিউনিসিপ্যাল ভোটপ্রদানের আইন স্পনসর করতে পেরে আমি গর্বিত। |

nyc votes কে ফলো করুন

নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!

@nycvotes

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 22

**ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস**

- টিফানি এল ক্যাবন (Tiffany L Caban)

**রিপাবলিকান, কনসারভেটিভ, এনিম্যাল ওয়েলফেয়ার**

- কেলি ক্লিংম্যান (Kelly Klingman)

যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## টিফানি এল ক্যাবন (Tiffany L Caban)

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. প্রমাণ-ভিত্তিক জননিরাপত্তার কৌশল
2. পথচারী/সাইকেল চালক-বান্ধব রাস্তা
3. স্থায়ীভাবে সাশ্রয়ী মূল্যের আবাসন

*"সরকারি ডিফেন্ডার হিসাবে তার বছরগুলিতে, টিফানি (Tiffany) নিউ ইয়র্কবাসীদের জন্য তাদের কোণে অন্য কাওকে না রেখেই লড়াই করেছিলেন। এখন তিনি ডিস্ট্রিক্ট 22 এর সমস্ত বাসিন্দাদের পরিষেবা দেন। তার প্রথম মেয়াদে, তিনি ডিস্ট্রিক্ট বর্ধিত ট্র্যাশ তোলা, রাস্তার নিরাপত্তার উন্নতি এবং পাতাল রেল আপগ্রেড নিয়ে এসেছেন, সাশ্রয়ী মূল্যের আবাসন 300টিরও বেশি ইউনিট এবং একটি নতুন ওয়াটারফ্রন্ট পার্ক অনুমোদন করেছেন এবং কার্যকরী প্রণীত আইনের সাতটি অংশ পাস করেছেন। তিনি কাউন্সিলের LGBTQIA+ ককাস (রাজনৈতিক দলের সংগঠনী কমিটি)-এর সহ-সভাপতি।"*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** সিনিয়র স্ট্র্যাটেজিস্ট, ওয়ার্কিং ফ্যামিলি পার্টি; সরকারি ডিফেন্ডার, লিগ্যাল এইড সোসাইটি এবং NY কাউন্টি ডিফেন্ডার সার্ভিসেস

**শিক্ষা:** NY আইন স্কুল, JD। পেন স্টেট, BA। সেন্ট ফ্রান্সিস প্রিপারেটরি স্কুল, JHS210, PS62

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ওয়ার্কিং ফ্যামিলি পার্টি, লোকাল প্রোগ্রেস, ডেমোক্রেটিক সোশ্যালিস্ট অফ আমেরিকা, মিজেন্টে, LGBT, NYC এবং পুয়ের্তো রিকান বার এসোসিয়েশন।

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিলের সদস্য

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## কেলি ক্লিংম্যান (Kelly Klingman)

রিপাবলিকান, কনসারভেটিভ, এনিম্যাল ওয়েলফেয়ার

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. বর্তমান জননিরাপত্তা কৌশল উন্নত করুন
2. মানসম্পন্ন শিক্ষার সুযোগে বিনিয়োগ করুন
3. নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের আবাসন

*“আমি যমজ সন্তানের একক মা এবং অ্যাস্টোরিয়ার একজন ব্যবসায়ী, সিটি কাউন্সিলে ডিস্ট্রিক্ট 22-এর সেবা করার জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমাদের একজন সিটি কাউন্সিলওমেনের দরকার যিনি আমাদের সুরক্ষিত রাখতে, আমাদের রাস্তা পরিষ্কার করতে এবং সবাইকে একটি ভাল এবং আরও টেকসই ভবিষ্যতের সুযোগ দিতে লড়াই করবেন। আমি জানি এটা বেঁচে থাকার জন্য সংগ্রাম করা এবং এর পরেও পাবার বিষয়ে উদ্বিগ্ন হওয়ার মতো। আমি এখানে অস্টোরিয়াতে আমার জীবন তৈরি করেছি, এবং আমাদের যা প্রয়োজন তার জন্য আমি লড়াই করব।”*

**বর্তমান পেশা:** লাইসেন্সকৃত সহযোগী রিয়েল এস্টেট ব্রোকার

**পূর্ববর্তী পেশাগুলি:** রিয়েল এস্টেট অ্যাসেট ম্যানেজমেন্ট, নিউ ডেভেলপমেন্ট প্রজেক্ট ম্যানেজমেন্ট, ওয়ার্কফোর্স হাউসিং প্রপার্টি ম্যানেজমেন্ট

**শিক্ষা:** প্রযোজ্য নয়

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** অ্যানিমাল ওয়েলফেয়ার পার্টি, রিয়েল এস্টেট বোর্ড অব New York, OSHA ট্রেনিং সেফটি ইনস্টিটিউট, ইম্যাকুলেট কনসেপশন HAA

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা nycvotes.org/stay-informed-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | টিফানি এল ক্যাবন (Tiffany L Caban) ✓<br>ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস | কেলি ক্লিংম্যান (Kelly Klingman) ✓<br>রিপাবলিকান, কনসারভেটিভ, এনিম্যাল ওয়েলফেয়ার |
|---|---|---|
| **অপরাধ** | সহিংসতা কমানোর জন্য আমরা যা জানি তাতে আমাদের বিনিয়োগ করতে হবে: সাশ্রয়ী মূল্যের আবাসন, ভাল চাকরি, প্রচুর মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং প্রমাণিত সহিংসতা প্রতিরোধ কর্মসূচি। এটি ব্যর্থ পুলিশিং এবং কার্সরাল কৌশলগুলি থেকে বিচ্ছিন্ন হওয়ার সময় যা শুধুমাত্র ট্রমা এবং অপরাধীকরণকে স্থায়ী করে। | সমস্ত মানুষ তাদের বাড়িতে এবং কর্মক্ষেত্রে নিরাপদ বোধ করার যোগ্য, তাদের জিপ কোড যাই হোক না কেন। আমি দিনরাত কাজ করব যাতে আমাদের অফিসারদের সমস্ত মানুষকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় সংস্থান দেওয়া হয়। আমি আমাদের রক্ষা করার জন্য আমাদের রাস্তায় সাবওয়ে এবং পার্কগুলিতে NYPD-এর উপস্থিতি বাড়াব। |
| **মুদ্রাস্ফীতি** | আমি কনসোলিডেটেড এডিসন কোম্পানি (ConEd)-এর হার বৃদ্ধি এবং ভাড়া নির্দেশিকা বোর্ড বৃদ্ধির বিরুদ্ধে জোরপূর্বক কথা বলেছি। ওয়ার্কিং ক্লাস নিউ ইয়র্ক বাসীরা শেষ মেটাতে সংগ্রাম করছে। তাদের আরও বেশি অর্থ দিতে বাধ্য করা কেবল তাদেরকে বিতাড়িত করবে এবং নিউ ইয়র্ককে অতি-ধনীদের জন্য আরও বেশি খেলার মাঠে পরিণত করবে। | ক্রমবর্ধমান খরচ বোর্ড জুড়ে পরিবারগুলিকে আর্থিকভাবে পিষ্ট করছে। আবাসন থেকে খাবার পর্যন্ত, সিটি হল মুদ্রাস্ফীতি এবং এর দীর্ঘমেয়াদী প্রভাবের বিরুদ্ধে সুরক্ষা বাড়াতে আরও ভালভাবে কাজ করতে পারে এবং করতে হবে। |
| **গণতন্ত্র রক্ষা** | আমার অফিস সুনির্দিষ্টভাবে একটি শক্তিশালী অংশগ্রহণমূলক বাজেট প্রক্রিয়া চালায় কারণ আমরা বিশ্বাস করি যে গণতন্ত্র একটি বাসযোগ্য শহরের চাবিকাঠি। আমি শুধু নির্বাচনের দিনে গণতন্ত্র বিশ্বাস করি না, বরং চাকরির জায়গা থেকে স্কুল ভবন পর্যন্ত প্রতিদিন এবং সর্বত্র আমি গণতন্ত্র বিশ্বাস করি। | আমাদের সরকারের মধ্যে নির্বাচন করার এবং পরিবর্তন কার্যকর করার অধিকার ভোটার হিসাবে আমাদের সবচেয়ে বড় অধিকার। প্রত্যেক ভোটার যাতে হস্তক্ষেপ ছাড়াই তাদের ব্যালট অ্যাক্সেস করতে পারে এবং বিশেষ স্বার্থের ক্ষমতা সীমিত করতে পারে তা নিশ্চিত করতে আমি কাজ করব। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 23

**গণতান্ত্রিক**

- লিন্ডা লি (Linda Lee) ✓

**রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান, চিকিৎসার স্বাধীনতা, প্যারেন্ট পার্টি**

- বার্নার্ড চৌ (Bernard Chow) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## লিন্ডা লি (Linda Lee) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. আমাদের কমিউনিটি আরও নিরাপদ করা।
2. উচ্চ মানের শিক্ষার অ্যাক্সেস বৃদ্ধি করা।
3. আমাদের জীবনযাত্রার মান উন্নত করা।

*"ইস্টার্ন কুইন্সের প্রতিনিধিত্ব করতে পেরে আমি খুবই গর্বিত—এটি বৈচিত্র্যশীল কর্মজীবী পরিবার, ক্ষুদ্র ব্যবসার মালিক, তরুণ পেশাদার ও বহু বরিষ্ঠ ব্যক্তির ঘর। কিন্তু এখানে এমন কিছু সমস্যা আছে যার জন্য বাস্তবিক ও প্রতিক্রিয়াশীল নেতৃত্বের দরকার। সম্পত্তি ট্যাক্স বাড়ছে, ক্ষুদ্র ব্যবসাগুলি সংগ্রাম করছে, এবং আমাদের অবকাঠামোর পদোন্নতি ঘটানোর প্রয়োজন আছে। আমাদেরকে নিশ্চিত করতে হবে যে কমিউনিটির মতামত যেন স্থানীয় স্তরে সমস্যা মোকাবিলার সময় সর্বাগ্রে শোনা হয়। আমি গত বছর অফিসের দায়িত্ব নেওয়ার পর থেকে, প্রণীত আইন এবং ফান্ড জোগাড় করার জন্য কাজ করেছি যা আমাদের নিরাপদ করে এবং আমাদের জীবনের গুণমান উন্নত করে আমাদের কমিউনিটির উপর সরাসরি এবং ইতিবাচক প্রভাব ফেলবে।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** KCS-এর নির্বাহী পরিচালক

**শিক্ষা:** BA বার্নার্ড; MSW কলাম্বিয়া

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** PS203, NVCC

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি কাউন্সিল নং 11, প্রাক্তন NYCCEC-এর প্রতিনিধি

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## বার্নার্ড চৌ (Bernard Chow)

রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান, চিকিৎসার স্বাধীনতা, প্যারেন্ট পার্টি

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা রক্ষা করুন
2. শিক্ষার গুণমান নিশ্চিত করুন
3. স্থানীয় আইন 97 নেই

*“আমি মিনেসোটাতে কলেজের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে এসেছি এবং তারপরে নিউ ইয়র্কে আমার ঘর বানিয়েছি। 20 বছর ধরে, আমি এই কমিউনিটিকে সাহায্য করার জন্য কঠোর পরিশ্রম করে যাচ্ছি।*

*নিউ ইয়র্কে সবকিছু যেমন চলছে তা নিয়ে আমি চিন্তিত। চীনা সংস্কৃতি ভারসাম্যের কথা বলে, এবং আমরা তা এখানে হারিয়ে ফেলেছি। মনে হচ্ছে অপরাধীরা নিয়মিত লোকেদের চেয়ে বেশি মনোযোগ পাচ্ছে, যা ঠিক নয়। এটি সমস্যা সৃষ্টি করছে এবং NYC-এর রাস্তায় এবং পাতাল রেলে আমাদের নাগরিকদের জন্য জননিরাপত্তাকে প্রভাবিত করছে।*

*আমাদের নিউ ইয়র্ক সিটির নেতৃত্বে এই ভারসাম্যহীনতাকে ঠিক করতে হবে।*

*এই বিষয়ে আমার সাথে দলবদ্ধ হন। একসাথে, আমরা কিছু সত্যিকারের পরিবর্তন করতে পারবো।”*

**বর্তমান পেশা:** কমিউনিটির যোগাযোগ

**পূর্বের পেশা:** বিপণন পরামর্শদাতা

**শিক্ষা:** পদার্থবিদ্যা এবং কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** লায়ন ক্লাব, নিউ ইয়র্ক কমিউনিটি লীগ,

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক স্টেট জিওপি সেনেটের জন্য কমিউনিটি লিয়াজোন

**নিবন্ধিত দল:** কনসারভেটিভ

# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

**আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/plan-your-ballot-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | লিন্ডা লি (Linda Lee) ✓<br>গণতান্ত্রিক | বার্নার্ড চৌ (Bernard Chow) ✓<br>রিপাবলিকান, কনসারভেটিভ, সাধারণ জ্ঞান, চিকিৎসার স্বাধীনতা, প্যারেন্ট পার্টি |
|---|---|---|
| **অপরাধ** | আমি স্বচ্ছতা ও দায়বদ্ধতা বজায় রেখে আমাদের আইন বলবৎকারী অফিসারদের সম্পূর্ণ অর্থায়নের সমর্থন করি। আমাদেরকে অপরাধের মাত্রা কমাতে হবে, প্রথমে অগ্রাধিকার দিয়ে রাস্তাঘাট থেকে বন্দু অপসারণ করতে হবে, মানসিক স্বাস্থ্যের সঙ্কটে এবং ঘৃণাসূচক ও বৈষম্যমূলক অপরাধে নজর দিতে হবে। | সাম্প্রতিক নীতিগুলি থেকে NYPD-এর ঘাটতির কারণে অপরাধ বেড়ে যাওয়ায় NYC-এর জননিরাপত্তা হ্রাস পেয়েছে। আমাদের অবিলম্বে সম্মান, নৈতিকতা, এবং পুলিশের ভূমিকার সচেতনতা পুনরুদ্ধার করতে হবে, যার মধ্যে জামিন সংস্কার এবং DA নজরদারির সমাপ্তি রয়েছে। |
| **মুদ্রাস্ফীতি** | যদিও মূল্যবৃদ্ধি প্রাথমিকভাবে ফেডারেল স্তরেই মোকাবিলা করা হয়, তাও নিম্ন ও মধ্যবিত্ত উপার্জন গোষ্ঠীর পরিবারগুলিকে আমরা গ্যাস ও মুদিখানার জিনিসের মূল্যবৃদ্ধির বিষয়ে সাহায্য করতে পারি। দাম চড়চড় করে বাড়ানোর জন্য আমরা কোম্পানি ও ইউটিলিটি কোম্পানিগুলিকে দায়ী সাব্যস্ত করতে পারি। | মুদ্রাস্ফীতি একটি বিশ্বব্যাপী সমস্যা। স্থানীয়ভাবে, আমাদের স্থানীয় ক্ষুদ্র ব্যবসাকে উৎসাহিত করতে হবে। আমাদেরকে তাদের আর্থিকভাবে সহায়তা করতে হবে যারা সাধারণত স্থানীয়ভাবে ব্যয় করে, যার ফলে স্থানীয় ব্যবসায় সহায়তা হয় |
| **গণতন্ত্র রক্ষা** | 6ই জানুয়ারি আমাদের দেখিয়েছে আমাদের গণতন্ত্র কত ভঙ্গুর অবস্থায় রয়েছে। আমাদের দরকারে ব্যালট বক্সে অ্যাক্সেস আরও বাড়ানো, লোকজন যেভাবে ভোট দিতে চান তা আরও সহজ করে তোলা- আগে ভোট, মেলে ভোট বা একই দিনে ভোটার রেজিস্ট্রেশন সহ নির্বাচনের দিনেই ভোটদান। | NYC এবং জাতির একটি গণতান্ত্রিক এবং মুক্ত ভবিষ্যতের জন্য আমাদের সুদৃঢ় নাগরিক শিক্ষার মাধ্যমে সচেতন, বৈচিত্র্যময় এবং দায়িত্বশীল যুবকদের লালন-পালন করতে হবে। বাক স্বাধীনতা মার্কিন যুক্তরাষ্ট্রের অংশ |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 24

**গণতান্ত্রিক**

- জেমস এফ জেনারো (James F Gennaro) ✓

**রিপাবলিকান, কনসারভেটিভ, ম্যাড অ্যাজ হেল, চিকিৎসার স্বাধীনতা, প্যারেন্ট পার্টি**

- জোনাথন ডেভিড রিনাল্ডি (Jonathan David Rinaldi) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## জেমস এফ জেনারো (James F Gennaro) ✓

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা উন্নত করা
2. NYC সরকারি স্কুলের উন্নতি
3. জীবনযাত্রার মান উন্নত করা

*"এই প্রতিদ্বন্দ্বিতায় কোন প্রার্থীরই বাসিন্দাদের সেবা করার রেকর্ড নেই এবং 24তম ডিস্ট্রিক্টের প্রতিটি নির্বাচনী এলাকা সম্পর্কে আমার জ্ঞান নেই। আমার কৃতিত্বের প্রমাণিত রেকর্ড এবং আমার অভিজ্ঞতার পার্থক্য।"*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** ডেপুটি কমিশনার, NYS DEC, 2014-2020 NYC কাউন্সিলের সদস্য 2002-2013 কুইন্স কলেজ 1996-2003 এ অ্যাডজান্ট প্রফেসর

**শিক্ষা:** BA, ভূবিদ্যা, এবং MS, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, SUNY স্টোনি ব্রুক

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** দ্বারা অনুমোদিত: কুইন্স কাউন্টির গণতান্ত্রিক সংস্থা, U.S-এর প্রতিনিধি: গ্রেগরি মিক্স এবং গ্রেস মেং, বরো সভাপতি ডোনোভান রিচার্ডস, স্টেট সেনেটর: জোসেফ অ্যাডাবো, লেরয় কমরি, জন লিউ, টবি স্ট্যাভিস্কি, রাজ্য অ্যাসেম্বলি সদস্য: অ্যান্ড্রু হেভেসি (Andrew Hevesi), ড্যানিয়েল রোসেন্থাল (Daniel Rosenthal), নিলি রোজিক (Nily Rozic), ডেভিড ওয়েপ্রিন (David Weprin), মেসন টেন্ডার ডিস্ট্রিক্ট কাউন্সিল

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কাউন্সিলের সদস্য 2002-2013

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## জোনাথন ডেভিড রিনাল্ডি (Jonathan David Rinaldi)

রিপাবলিকান, কনসারভেটিভ, ম্যাড অ্যাজ হেল, চিকিৎসার স্বাধীনতা, প্যারেন্ট পার্টি

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. খারিজ করা স্থানীয় আইন 97
2. ধারা 9 সরকারি আবাসন সংরক্ষণ করুন
3. অপরাধ এবং নিরাপদ রাস্তাঘাট

*"স্বচ্ছতা ও দায়বদ্ধতা। তারা আমাদের সব বিক্রি করে দিয়েছে। তারা অভিবাসীদের নিয়ে আসছে এবং তাদের বিনামূল্যে সবকিছু দিচ্ছে, ভাড়া, স্কুল এবং ওষুধ এমন নীতি তৈরি করার সময় যা কুইন্সে বসবাস করা এবং পরিবারগুলিকে বড় করা অসম্ভব করে তুলবে। এখন সময় এসেছে যে ট্যাক্স-প্রদানকারী নির্বাচকরা শহরের বাজেট উড়িয়ে দেওয়ার এবং আমাদের কিছুই অবশিষ্ট না থাকার আগে যেন তাদের সামাজিক পরিষেবাগুলি সংরক্ষণ করে।"*

**বর্তমান পেশা:** রিয়েল এস্টেট

**পূর্বের পেশা:** নির্মাণ

**শিক্ষা:** CCNY ব্যাচেলর আর্কিটেকচার

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** আশা করা যায় সবাই

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** শিক্ষার্থী সরকারের প্রেসিডেন্ট

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | জেমস এফ জেনারো (James F Gennaro) ✓<br>গণতান্ত্রিক | জোনাথন ডেভিড রিনাল্ডি (Jonathan David Rinaldi) ✓<br>রিপাবলিকান, কনসারভেটিভ, ম্যাড অ্যাজ হেল, চিকিৎসার স্বাধীনতা, প্যারেন্ট পার্টি |
|---|---|---|
| **অপরাধ** | প্রতি বছর আমি আমার ডিস্ট্রিক্ট সম্পূরক পুলিশ ক্যামেরাগুলির জন্য ফান্ড দিয়ে থাকি। নিউ ইয়র্ক হল একমাত্র স্টেট যার বিচারকরা আসামীদের ক্ষেত্রে বিপজ্জনকতা বিবেচনা করতে পারেন না। মেয়র অ্যাডামস এবং আমি আমাদের জননিরাপত্তা সংকট মোকাবেলায় একটি “বিপজ্জনক মান” প্রতিষ্ঠা করার জন্য আলবানি-কে আহ্বান জানাচ্ছি। | রাস্তাঘাট যেন বাচ্চাদের জন্য নিরাপদ হয়, সেখানে যেন এমন পরিবেশ বিরাজ করে যাতে তারা সুস্থভাবে বাড়তে পারে। ক্ষুদ্র ব্যবসার জন্য সুরক্ষা দেওয়া। গাড়ি চুরি এবং বাড়িতে হামলা ঠেকাতে রাস্তায় আরও পুলিশ উপস্থিতি প্রয়োজন |
| **মুদ্রাস্ফীতি** | জাতীয়ভাবে মুদ্রাস্ফীতি বেড়ে যাওয়ায়, আমি স্থানীয় পর্যায়ে পিছিয়ে যাচ্ছি যাতে সিটির সরকার ও বেসরকারি খাতের কর্মীরা ন্যায্য চুক্তি পান। আমি বছরের পর বছর ধরে অনেক পরিবেশগত আইন লিখেছি যার মাধ্যমে আমি শহরের যেকোনো নির্বাচিত অফিসিয়াল চেয়ে বেশি সবুজ চাকরি তৈরি করেছি। | যানজটের মূল্য একটি বড় সমস্যা, ম্যানহাটনে প্রবেশের জন্য আমাদের 23 ডলার দিতে বাধ্য করা, যেখানে পণ্য ও পরিষেবাদি সরবরাহ করতে দ্বিগুণ অর্থ প্রদানকারী বাণিজ্যিক যানবাহন থেকে খরচ সবকিছুকে আরও ব্যয়বহুল করে তুলবে। |
| **গণতন্ত্র রক্ষা** | নিউ ইয়র্ক বাসীদের ভোটপ্রদানের এবং নতুন উপায়ে তাদের ভোটপ্রদানের ক্ষমতা প্রয়োগ করার সুযোগ সম্প্রসারণের মাধ্যমে গণতন্ত্র সুরক্ষিত এবং উন্নত হয়। NYC-তে ব্যাপক আগাম ভোট রয়েছে এবং প্রান্তিক কমিউনিটির প্রার্থীদের ক্ষমতায়নের জন্য ইহা পদ নির্বাচনী ভোটপ্রদান প্রণয়ন করেছে। আমাদের সকলের সর্বাধিক করা দরকার | আমরা একটি সাংবিধানিক প্রজাতন্ত্র। অনুপস্থিত ব্যক্তির ব্যালট আবেদনসমূহ যদি স্বাক্ষরিত হয় তবে আপনার ব্যক্তিগত ভোট দেওয়ার ক্ষমতা শেষ হয়ে যাবে। |



28 অক্টোবর-5 নভেম্বর এর মধ্যে আগাম ভোট দিন

# প্রার্থীদের ভিডিও দেখুন

প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/candidates**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 25

**ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস**

- শেকর কৃষ্ণাণ (Shekar Krishnan) ✓

**রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা**

- ঝিল কাও (Zhile Cao) ✓

**বৈচিত্র্য**

- ফাতিমা বেরিয়াব (Fatima Baryab) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## শেকর কৃষ্ণাণ (Shekar Krishnan) ✓

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সবার জন্য মানসম্পন্ন স্বাস্থ্যসেবা
2. প্রসারিত করুন, পার্ক/উন্মুক্ত স্থান উন্নত করুন
3. শৈশব শিক্ষায় বিনিয়োগ করুন

*“আপনার কাউন্সিলের সদস্য এবং NYC সরকার নির্বাচিত প্রথম ইন্ডিয়ান-আমেরিকান হিসাবে, আমাদের কমিউনিটির প্রাপ্য সম্পদ এবং সবার জন্য কাজ করে এমন একটি সিটির জন্য লড়াই চালিয়ে যেতে আমি পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি।*

*এল্মহার্স্ট হাসপাতালের জীবন রক্ষাকারী বিনিয়োগগুলি থেকে শুরু করে অভিবাসী পরিবারদের সহায়তা করার জন্য নতুন কর্মসূচি, আমাদের কমিউনিটির প্রথম সরকারি ডগ রান, সিটির ইতিহাসে পার্কগুলির জন্য সবচেয়ে বড় বাজেট পর্যন্ত আমরা যা অর্জন করেছি তার জন্য আমি গর্বিত।*

*একসাথে, আমরা এমন একটি সিটি গড়ে তুলতে পারি যেখানে প্রত্যেকের স্বাস্থ্যসেবা, পার্ক এবং খোলা জায়গার প্রবেশাধিকার থাকবে এবং যেখানে সমস্ত ওয়ার্কিং ফ্যামিলি বিনামূল্যে শৈশবকালীন যত্ন পাবে।*

*এই ভবিষ্যতটির জন্যই আমি লড়াই চালিয়ে যাব।”*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** নাগরিক অধিকারের আইনজীবী

**শিক্ষা:** কুপার ইউনিয়ন (ইঞ্জিনিয়ারিং), মিশিগান আইন স্কুলের ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কাউন্সিলের সদস্য

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ঝিল কাও (Zhile Cao)

রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. রিফুজি সঙ্কট
2. গৃহহীন সঙ্কট
3. আমাদের দেশে কমিউনিজমের আক্রমণ

*"নিউ ইয়র্ককে আমাদের সঙ্কট কাটিয়ে ওঠার জন্য একটি শক্তিশালী নেতৃত্বের প্রয়োজন যা আমরা ইতিহাস জুড়ে কখনও দেখিনি এবং আমাদের অফিস থেকে সমস্ত অযোগ্য পদধারীদের সরিয়ে দিতে হবে।"*

**বর্তমান পেশা:** MTA কর্মী

**পূর্বের পেশা:** MTA কর্মী

**শিক্ষা:** 4 বছরের কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** রিপাবলিকান

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** হাউস কমিটি বোর্ড

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## ফাতিমা বেরিয়াব (Fatima Baryab)

বৈচিত্র্য

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. অপরাধ থেকে কমিউনিটিগুলিকে রক্ষা করুন
2. সরকারি স্কুলের মান উন্নয়ন করুন
3. সকলের জন্য অর্থনৈতিক সুযোগ টিকিয়ে রাখা

*"আমি একজন কমিউনিটি অ্যাডভোকেট এবং অলাভজনক নেতা। একজন জীবনব্যাপী নিউ ইয়র্কবাসী হিসেবে, আমি দৈনন্দিন মানুষের প্রতিনিধিত্ব করার জন্য অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমাদের উদ্বেগগুলি প্রায়ই শোনা হয় না। আমাদের এটি অবশ্যই পরিবর্তন করতে হবে। অর্পিত সুদের আমাদের শহরে একটি ভাল জীবনযাপন করার ক্ষমতাকে অগ্রাহ্য করা উচিত নয়। নিরাপত্তা, স্যানিটেশন, এবং উন্নত শিক্ষা এমন বিষয় যেগুলি মনোযোগের যোগ্য। আরও কিছু করার বাকি আছে। আমি প্রয়োজনীয় পরিবর্তনগুলি করার প্রতিশ্রুতি দিচ্ছি।"*

**বর্তমান পেশা:** বিজ্ঞানী

**পূর্বের পেশা:** শিক্ষার্থী

**শিক্ষা:** জীববিজ্ঞানে স্নাতক ডিগ্রী, সেন্ট জন ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ডাইভারসিটি প্লাজার সহ-প্রতিষ্ঠাতা; SUKHI নিউ ইয়র্কের সহ-প্রতিষ্ঠাতা

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি অ্যাক্টিভিস্ট, জেন্ট্রিফিকেশনের জন্য আইনজীবী। ফাতিমা NYS লেজিসলেটিভ রেজোলিউশন J3913 -এর সহ-লেখক এবং NYC-তে অনেক কমুনিটির মুখপাত্র।

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

**এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।**

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

| | **শেকর কৃষ্ণাণ (Shekar Krishnan)** ✓<br>ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস | **ঝিল কাও (Zhile Cao)** ✓<br>রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা |
| --- | --- | --- |
| **অপরাধ** | সবাই নিরাপত্তা অনুভব করার যোগ্য – বাড়িতে হাঁটার সময়, পাতাল রেলে বা উপাসনার স্থানে। নিরাপত্তা আমাদের সরকার সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব। মানসিক স্বাস্থ্য ও আবাসন থেকে শুরু করে কমিউনিটি সেন্টার পর্যন্ত আমাদের ব্যাপক সমাধানের দরকার। আমরা আগেভাগে বিনিয়োগ করে কমিউনিটিগুলিকে নিরাপদ রাখি। | দুর্বল নেতৃত্বের ফলে শহরে অপরাধ বৃদ্ধি পায়। মেয়র ও পদাধিকারীরা দুর্বল এবং চরম প্রগতিশীল ডেমোক্র্যাটের কথা শোনেন। আমাদের নিজেদের কাজ চালিয়ে যেতে হবে এবং সাধারণ জ্ঞানে ফিরে যেতে হবে। |
| **মুদ্রাস্ফীতি** | যখন প্রতিটি নিউ ইয়র্ক বাসীর, তাদের পরিবার এবং তাদের প্রতিবেশীদের কাছে উন্নতির জন্য সম্পদ থাকে, তখন আমাদের অর্থনীতির কাছেও তা থাকে। মুদ্রাস্ফীতি মোকাবেলার সবচেয়ে কার্যকর উপায় হল এমন একটি সিটি গড়ে তোলা যেখানে প্রত্যেকে একটি মর্যাদাপূর্ণ মজুরি অর্জন করে এবং মানসম্পন্ন স্বাস্থ্যসেবা, একটি সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং শিশুর যত্ন থাকে। | মুদ্রাস্ফীতি প্রধানত ফেডারেল সরকার এবং রাজ্য সরকার দ্বারা তৈরি করা হয়। নিউ ইয়র্ক সিটি গ্যাসের দাম নিয়ন্ত্রণ করে না, ফুড স্ট্যাম্প প্রিন্ট করে না এবং ন্যূনতম মজুরি নির্ধারণ করে না। আমরা ন্যূনতম বেতনের বিরুদ্ধে ভোট দিতে পারি, কিন্তু সিটি কাউন্সিল মান নির্ধারণ করে না। |
| **গণতন্ত্র রক্ষা** | ভোটপ্রদান একটি মৌলিক অধিকার। সবাই বৈষম্যমুক্ত এই অধিকার প্রয়োগ করতে পারে তা নিশ্চিত করার মাধ্যমে আমরা আমাদের গণতন্ত্র রক্ষা করি। আমাদের ভোটপ্রদানকে আরও সহজ ও সহজলভ্য করতে হবে। কাউন্সিলের সদস্য হিসেবে আমি ভোটপ্রদানের অধিকারসমূহ রক্ষার জন্য কঠোর সংগ্রাম করেছি এবং চালিয়ে যাবো। | গণতন্ত্র মানে কোনো মাস্কের আদেশ নয়, এবং মহামারী সহ বা ছাড়া কোনো ভ্যাকসিনের আদেশ নয়। আমার শরীর আমার সম্পত্তি এবং আমার সীমানা, এবং কেউ তা আক্রমণ করতে পারে না। ব্যক্তিগত সম্পত্তি রক্ষা গণতন্ত্র রক্ষার মৌলিক বিষয়। |

## ফাতিমা বেরিয়াব (Fatima Baryab)

বৈচিত্র্য

প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি।

প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি।

প্রার্থী এই প্রশ্নের কোনো উত্তর জমা দেননি।

# nyc votes কেফলো করুন

**নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!**

**@nycvotes**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 26

**ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস**

- জুলি ওঁন (Julie Won) ✓

**রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা**

- মারভিন আর জেফকোট (Marvin R Jeffcoat) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, **bengali.nycvotes.org/candidates** দেখুন।



## জুলি ওঁন (Julie Won) ✓

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী মূল্যের আবাসন এবং ব্যাপক পরিকল্পনা
2. শিক্ষা এবং গ্রীনস্পেসে বিনিয়োগ করা
3. কমিউনিটি-ভিত্তিক জননিরাপত্তা নিশ্চিত করা

*"কাউন্সিলের সদস্য হিসাবে, আমি সিটি হলে আমাদের কমিউনিটির কণ্ঠস্বর হতে পেরে সম্মানিত! আমার প্রথম বছরে, আমি ডিস্ট্রিক্ট সমস্ত NYCHA বাসিন্দাদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন 1,622 ইউনিট, গ্যারান্টিযুক্ত বিনামূল্যের WiFi, কেবল এবং সেল পরিষেবা অনুমোদন করেছি এবং আমাদের আশেপাশের জন্য $50 মিলিয়নেরও বেশি ফান্ড সুরক্ষিত করেছি -- আমাদের স্থানীয়দের জন্য $11 মিলিয়ন সহ স্কুল, এবং আমাদের পার্ক আপগ্রেড করার জন্য $15 মিলিয়ন অনুমোদন করেছি। একজন স্থানীয় মা, অভিবাসী এবং ভাড়াটে হিসাবে, আমি সাশ্রয়ী মূল্যের আবাসন সংকটের অবসান ঘটাতে এবং শহরের সরকার আরও ভালোভাবে সেবা দিতে লড়াই করছি।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** ডিজিটাল স্ট্র্যাটেজি কনসালটেন্ট

**শিক্ষা:** সিরাকিউজ ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** কাউন্সিলের সদস্য হিসেবে বর্তমানে কেউ নেই

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি বোর্ড 2, কুইন্স এর বরো সভাপতির 2020 সালের আদমশুমারি সম্পূর্ণ গণনা কমিটি: প্রতিষ্ঠাতা প্রযুক্তি অ্যাকশন গ্রুপ

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



*“মারভিন (Marvin) হলেন আপনার মতো আসল লোকজনের আসল নেতা। তিনি নিশ্চিত করবেন যে অভিজ্ঞ ব্যক্তিরা যেন এখানে স্থানীয়ভাবে যথাযোগ্য বেতন পান; তরুণরা যেন শিক্ষা ও হাতে-কলমে দক্ষতার বিকাশ ঘটিয়ে কর্পোরেট প্রভাব এড়িয়েই সফলতা আনতে পারে, যাতে বংশমর্যাদা বা উপার্জন যাইহোক না কেন সবার জন্য পরিষেবার নিশ্চয়তা দেওয়া যায়।”*

## মারভিন আর জেফকোট (Marvin R Jeffcoat)

রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. নিরাপদ ও সুরক্ষিত রাস্তাঘাট প্রদান করা।
2. চার্টার স্কুল, ভাউচার, হোম স্কুলিং
3. চাকরির সুযোগ কমিয়ে দেওয়ার মতো নিয়মকানুন অপসারণ করা।

**বর্তমান পেশা:** ফেসিলিটি ম্যানেজার- NYC স্বাস্থ্য ও মানসিক পরিচ্ছন্নতা বিভাগ

**পূর্বের পেশা:** ফ্রেশ ডিরেক্ট ট্রান্সপোর্টেশন সুপারভাইজার; U.S.আর্মি-সার্জেন্ট ফার্স্ট ক্লাস (E7)

**শিক্ষা:** জুরি ডক্টরেট কনকর্ড ল্য স্কুল থেকে

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** VFW; আমেরিকান লেজিয়ন; ক্যাথলিক যুদ্ধের অভিজ্ঞ; 82তম এয়ারবর্ন ডিভিশন অ্যাসোসিয়েশন; কম্ব্যাট ইনফ্যান্ট্রিমেনস অ্যাসোসিয়েশন; কাব স্কাউটস; নাইটস অব কলাম্বাস; NRA; সানিসাইড GOP

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটি বোর্ড 2-এর প্রাক্তন সদস্য

**নিবন্ধিত দল:** রিপাবলিকান


# নির্বাচন সম্পর্কিত সূচনা পান

**টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।**

**এখানে স্ক্যান করুন বা nycvotes.org/stay-informed-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **জুলি ওঁন (Julie Won)** ✓<br>ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিস | **মারভিন আর জেফকোট (Marvin R Jeffcoat)** ✓<br>রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা |
|---|---|---|
| **অপরাধ** | জননিরাপত্তা জন্য একটি সামগ্রিক সমাধানের জন্য আইন প্রয়োগের চেয়ে আরও বেশি কিছু প্রয়োজন। মানসিক স্বাস্থ্য সংস্থানগুলির জন্য ফান্ডিং বৃদ্ধি, পুনরুদ্ধারমূলক ন্যায়বিচারের মডেল সম্প্রসারণ, কাজের সুযোগ বৃদ্ধি এবং সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণের মাধ্যমে অপরাধের মূল কারণগুলিকে আমাদের অবশ্যই চিকিৎসা করতে হবে। | প্রাক্তন মিলিটারি পুলিশকর্মী হিসেবে আমি প্রথম থেকেই জানি যে আমাদের শহরে শৃঙ্খলা ফিরিয়ে আনতে কী করা প্রয়োজন। একবার নির্বাচিত হলে, আমি অবিলম্বে আইন বলবৎকরণ ও প্রতিবেশি অঞ্চল পর্যবেক্ষণ গোষ্ঠীগুলির জন্য সুযোগ্য প্রতিরক্ষা ফিরিয়ে আনব। এটি আপনাদের কাছে আমার একনিষ্ঠ প্রতিশ্রুতি। |
| **মুদ্রাস্ফীতি** | একজন ভাড়াটিয়া এবং একজন অভিভাবক হিসাবে, আমি ক্রমবর্ধমান ভাড়া এবং আমাদের আশেপাশে বসবাসের খরচ ক্রমাগত বৃদ্ধির প্রভাব অনুভব করি। এই কারণেই আমি আমাদের আশেপাশের এলাকাগুলির জন্য সরাসরি শহরের ফান্ডে $50 মিলিয়নেরও বেশি সুরক্ষিত করেছি এবং গভীরভাবে সাশ্রয়ী মূল্যের আবাসন জন্য ঐতিহাসিক পরিমাণে লড়াই করেছি। | ঠিক আপনারই মতো আমিও দেখেছি চাকরির সুযোগ কমানো নিয়মকানুনগুলো কীভাবে মূল্যবৃদ্ধি বাড়িয়েছে এবং আমার পরিবারের রান্নাঘরে খাবারের পরিমাণ কমিয়েছে। ব্যবসাবাণিজ্যের গলা চেপে ধরে এমন নিয়মগুলি আমি পর্যালোচনা করে দূর করব। আমেরিকায় সর্বনিম্ন কর্পোরেট ট্যাক্স তৈরির ব্যাপারেও আমি কাজ করব যাতে চাকরিগুলি আবার ফিরে আসে। |
| **গণতন্ত্র রক্ষা** | কাউন্সিলের সদস্য হিসেবে, আমার দায়িত্ব হল আমার নির্বাচকদের ভোট দেওয়ার অধিকার রক্ষা করা এবং ব্যালটে পথের বাধা দূর করা। আমি সম্পূর্ণরূপে ভোটপ্রদানকারীদের অধিকার রক্ষা, আগাম ভোট সময় এবং অবস্থানগুলি প্রসারিত করতে, ডাকযোগে ভোটপ্রদানকে সহজতর করতে এবং আরও অনেক কিছুকে সমর্থন করি। | মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান উপস্থাপনামূলক গণতন্ত্রের নিশ্চয়তা দেয়। দুর্ভাগ্যবশত, সিটি কাউন্সিল তর্ক করার দায়িত্ব ও প্রণীত আইন এড়িয়েছে অনির্বাচিত আমলাদের হাতে সেই দায়িত্ব সঁপে দিয়ে যারা মনে করেন যে তারা আমাদের চেয়ে ভালভাবে আমাদের কী প্রয়োজন তা জানেন। আমি এটি ঠিক করব। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 27

**গণতান্ত্রিক**

- নানতাশা এম উইলিয়ামস (Nantasha M Williams)

**রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা**

- মেরিলিন মিলার (Marilyn Miller) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## নানতাশা এম উইলিয়ামস (Nantasha M Williams)

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জীবন সংরক্ষণের গুণমান
2. সাশ্রয়ী মূল্যের আবাসন
3. জাতিগত সাম্যতা

*"আমি এমন একজন নেতা যে যথা সম্ভব কমিউনিটির লোকদের ক্ষমতায়নে বিশ্বাসী। আমরা যে প্রধান চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয়েছি তার চারপাশে কমিউনিটির কথোপকথনকে সহজতর করার জন্য এবং তাদের প্রভাবিত করে এমন সমস্যাগুলির বিষয়ে কথা বলার জন্য সক্রিয়ভাবে কম প্রতিনিধিত্বহীন কণ্ঠস্বর খুঁজে বের করার জন্য আমি দায়বদ্ধ। আমার অফিস জবাবদিহিতা, অ্যাক্সেসযোগ্যতা এবং স্বচ্ছতা নীতির দ্বারা পরিচালিত হয়।"*

**বর্তমান পেশা:** প্রজেক্ট ম্যানেজার, MWBE কমপ্লায়েন্স

**পূর্ববর্তী পেশাগুলি:** ম্যানেজার, কমিউনিটি এবং বাহ্যিক সম্পর্ক

**শিক্ষা:** স্নাতক (রাজনীতি বিজ্ঞান), মাস্টার্স (পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন), বর্তমান PhD শিক্ষার্থী

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** নিউ ইয়র্ক সিটি ব্ল্যাক উইমেনস পলিটিক্যাল ক্লাব, কমিউনিটি বোর্ড 13, মহিলাদের মিছিল

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক স্টেট আইনসভার জন্য অসংখ্য পদে কাজ করছেন

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## মেরিলিন মিলার (Marilyn Miller)

রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. প্রচন্ড অপরাধ
2. গৃহহীনতা
3. ক্ষুদ্র ব্যবসাসমূহ

*"আমি একজন অবসরপ্রাপ্ত **NYPD** অফিসার এবং **9-11** এর প্রথম রেস্পন্ডার উদ্বর্তী। আমি নিউ ইয়র্কের জনগণের জন্য এবং কুইন্সের মহান বরোর জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমাদের শহরটি দুর্নীতিগ্রস্ত রাজনীতিবিদদের কর্ম ও নীতির দ্বারা সম্পূর্ণ বিশৃঙ্খলার মধ্যে রয়েছে যারা আমাদের কমিউনিটি এবং জীবনের গুণমান ধ্বংস করছে; বিপর্যয়মূলক নীতির সাথে। তাদের নোটিশ দেওয়ার সময় এসেছে যে "উই দ্য পিপল" উচ্চ অপরাধ, গৃহহীনতা, নোংরা রাস্তা, উচ্চ কর, মুদ্রাস্ফীতি, ক্ষুদ্র ব্যবসার উপর আক্রমণ এবং সংবিধান দ্বারা সমর্থিত আমাদের নাগরিক অধিকার লঙ্ঘনের কারণে বিরক্ত। এখন মিলারের **(Miller)** সময়!"*

**বর্তমান পেশা:** রিয়েল এস্টেট এজেন্ট

**পূর্বের পেশা:** NYPD অফিসার

**শিক্ষা:** B.A. ফৌজদারি বিচার

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** PBA, NAR, NFRW, RJC

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

**আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/plan-your-ballot-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

**এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।**

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

| | নানতাশা এম উইলিয়ামস (Nantasha M Williams)<br>গণতান্ত্রিক | মেরিলিন মিলার (Marilyn Miller) ✓<br>রিপাবলিকান, চিকিৎসার স্বাধীনতা |
|---|---|---|
| **অপরাধ** | একটি নিরাময় সহিংসতা প্রোগ্রামের প্রাক্তন বোর্ড সদস্য হিসাবে, আমি অপরাধ মোকাবেলায় আইন প্রয়োগকারীর টুলবক্স প্রসারিত করতে বিশ্বাস করি। আমি বিশ্বাস করি 911 প্রেরকদের সামাজিক কর্মী এবং মানসিক স্বাস্থ্য পেশাদারদের কাছে প্রবেশাধিকার থাকা উচিত, কিন্তু আমি পুলিশকে ডিফান্ডিং করাকে সমর্থন করি না। | একজন প্রাক্তন NYPD অফিসার হিসাবে আমি অপরাধের বিরুদ্ধে কঠোর হব এবং জননিরাপত্তার জন্য আমাদের বর্তমান নেতাদের দায়বদ্ধ রাখব। ক্যাচ নো বেইল রিলিজ বাতিল করতে হবে। আমরা আর একটি রিভলভিং ডোর সহ্য করতে পারি না যার পুনরাবৃত্তি সহিংস অপরাধীদের আমাদের কমিউনিটিতে আরও অপরাধ করার অনুমতি দেয়। |
| **মুদ্রাস্ফীতি** | শক্তির দাম বৃদ্ধি এবং বিশ্বব্যাপী দ্বন্দ্ব সরবরাহ শৃঙ্খলকে অস্থিতিশীল করে তোলার কারণে মুদ্রাস্ফীতি বিশ্বের মুখোমুখি হওয়া একটি প্রধান সমস্যা। আমি নিশ্চিত করতে থাকব যে ওয়ার্কিং ফ্যামিলিগুলি ক্রমবর্ধমান খরচের ধাক্কা বহন না করে। | মুদ্রাস্ফীতি সর্বকালের সর্বোচ্চ। পণ্য এবং পরিষেবার দাম এত বেশি বেড়েছে যে এটি আমাদের জীবনযাত্রার মানকে প্রভাবিত করছে। আমেরিকান ডলার জীবনযাত্রার ব্যয় বাড়িয়ে তার মূল্য হারিয়েছে। আমাদের অবশ্যই সোনা, রৌপ্য এবং বিটকয়েন দ্বারা সমর্থিত একটি সিস্টেমে যেতে হবে। |
| **গণতন্ত্র রক্ষা** | গণতন্ত্র রক্ষা ও প্রচারে আমার বিশ্বাস নিরঙ্কুশ। ভোটপ্রদানকে সহজ করতে এবং যতটা সম্ভব ভোটপ্রদানকারিদের সম্প্রসারণ করতে আমাদের আরও বেশি কিছু করতে হবে। | আমাদের দেশ একটি ফেডারেল গণতান্ত্রিক রিপাবলিকান প্রতিষ্ঠিত হয়েছিল। আপনার নির্বাচিত নেতা হিসাবে আমি গণতন্ত্র রক্ষা করব এবং সংবিধান দ্বারা সুরক্ষিত আপনার নাগরিক অধিকার রক্ষা করব। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 28

**গণতান্ত্রিক**

- অ্যাড্রিয়েন ই অ্যাডামস (Adrienne E Adams)

**রিপাবলিকান, সাধারণ জ্ঞান**

- রুসাত মোহন রামগোপাল (Rusat Mohan Ramgopal) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## অ্যাড্রিয়েন ই অ্যাডামস (Adrienne E Adams)

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. আবাসন এবং সাশ্রয়ী মূল্যের বাড়ি
2. অর্থনৈতিক সুযোগ
3. মানসিক সাস্থ্য

*"অ্যাড্রিয়েন অ্যাডামস (Adrienne Adams) হলেন NYC কাউন্সিলের প্রথম আফ্রিকান-আমেরিকান স্পিকার, যিনি সিটির ইতিহাসে সবচেয়ে বৈচিত্র্যময় এবং নারী-সংখ্যাগরিষ্ঠদের নেতৃত্ব দিচ্ছেন। তিনি নারী ও পরিবারের মুখোমুখি সমস্যাগুলিকে অগ্রাধিকার দিয়ে ন্যায্যতার একটি আইনী এজেন্ডা এগিয়ে নিয়েছিলেন। তিনি মাতৃস্বাস্থ্য এবং প্রজনন যত্নে জাতিগত বৈষম্যের মোকাবিলায় কাউন্সিলের নেতৃত্ব দেন। তিনি FDNY-তে বৈচিত্র্য আনতে, নিউইয়র্কের বেতন স্বচ্ছতা আইনের উন্নতি করতে এবং গার্হস্থ্য ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা থেকে বেঁচে থাকা ব্যক্তিদের জন্য সম্পদ বাড়ানোর জন্য আইন পাস করেন। স্পিকার অ্যাডামস (Adams) কাউন্সিলের সদস্য ভিকটিম সার্ভিস প্রোগ্রামে বিনিয়োগ করার জন্য $100K প্রদান করেছেন এবং CUNY পুনঃসংযোগে $4.4M প্রদান করে উচ্চতর শিক্ষার অ্যাক্সেস খুলে দিয়েছেন।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** কর্পোরেট প্রশিক্ষক

**শিক্ষা:** কলেজের স্নাতক

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** আলফা কাপা আলফা সরোরিটি, ইনকর্পোরেটেড

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** সিটি কাউন্সিল

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## রুসাত মোহন রামগোপাল (Rusat Mohan Ramgopal)

রিপাবলিকান, সাধারণ জ্ঞান

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. পাবলিক স্কুল/শিক্ষা
3. স্বাস্থ্যবিধান এবং রাস্তা

*"ডিস্ট্রিক্ট 28-এ আমাদের কমিউনিটি বহু বছর ধরে অবহেলিত। আমাদের জননিরাপত্তা সংকটে পড়েছে, আমাদের পাবলিক স্কুলগুলি ব্যর্থ হচ্ছে, এবং আমাদের রাস্তাগুলি অপরিষ্কার, সর্বত্র গর্ত। অভিযোগ করাই যথেষ্ট নয়, প্রতিনিধিত্ব পেতে ভোট দিতে হবে। আমি এই কমিউনিটির একটি সন্তান এবং এর সেবা করতে চাই, কারণ আমি জানি একসাথে, আমরা মহানতা অর্জন করতে পারব।"*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের প্রার্থী

**পূর্ববর্তী পেশাগুলি:** বিভিন্ন পদ-গ্লোবস্প্যান 24/7 মিডিয়া, KCL লিগ্যাল ক্লিনিক, U.S. স্টেট ডিপার্টমেন্ট VSFS, জন জে কলেজ, নিউ ইয়র্ক সিটি আরবান ডিবেট লীগ

**শিক্ষা:** লন্ডন ইউনিভার্সিটি, কিংস কলেজ, LL.B। (ল ডিগ্রি), জর্জটাউন ইউনিভার্সিটি, LL.M। (ল ডিগ্রী), কলম্বিয়া সেকেন্ডারি স্কুল

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** কুইন্সের বইমেলা, শ্রী ত্রিমূর্তি ভবন, দিওয়ালি মোটরকেড শো

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কুইন্স কমিউনিটি বোর্ড 10-এর সদস্য, NYC শিক্ষা বিভাগ SLT

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **অ্যাড্রিয়েন ই অ্যাডামস (Adrienne E Adams)**<br>গণতান্ত্রিক | **রুসাত মোহন রামগোপাল (Rusat Mohan Ramgopal)** ✓<br>রিপাবলিকান, সাধারণ জ্ঞান |
|---|---|---|
| **অপরাধ** | জননিরাপত্তা উন্নতির পথ হল প্রমাণিত সমাধানগুলিতে বিনিয়োগ করা যা অপরাধ ঘটতে বাধা দেয়: যুবকদের হস্তক্ষেপ, অর্থনৈতিক সুযোগ এবং মানসিক স্বাস্থ্যের চিকিৎসা এই ধরনের বিনিয়োগের কিছু উদাহরণ। | নির্বোধ “পুলিশ ডিফান্ড” কৌশল, যা সিটি কাউন্সিলের ডেমোক্র্যাটদের দ্বারা সমর্থিত ছিল, NYC-কে সঙ্কটে ফেলেছে। মানুষ আর নিরাপদ বোধ করে না। অপরাধ বাড়ছে, দরিদ্র ও সংখ্যালঘু কমিউনিটিগুলিকে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত করছে। পুলিশের সঙ্গে কাজ করতে হবে, তাদের বিরুদ্ধে নয়। |
| **মুদ্রাস্ফীতি** | মুদ্রাস্ফীতি একটি সমস্যা যা আমাদেরকে ব্যাপকভাবে প্রভাবিত করেছে। ধীরগতির সরবরাহ-শৃঙ্খলের কারণে জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি একটি অত্যধিক বোঝা সৃষ্টি করেছে। নির্বাচিত নেতা হিসাবে, আমাদের বাসিন্দাদের এলাকায় চরম ড্রেন প্রশমিত করতে আমাদের ফেডারেল অংশীদারদের সাথে কাজ করতে হবে। | মুদ্রাস্ফীতি মুদি দোকান থেকে গ্যাস পাম্প পর্যন্ত সবাইকে ক্ষতিগ্রস্ত করছে। বেপরোয়া নীতি ও সরকার নতুন মেট্রোকার্ড ভাড়া বৃদ্ধির মতো NYC-তে খরচ পরিস্থিতিকে সাহায্য করেনি। আমি যতবার সুযোগ পাব ক্রমবর্ধমান খরচের বিরুদ্ধে লড়াই করব। আপনার পকেট খালি হয়ে যাচ্ছে যেখানে অন্যেরা বিনামূল্যে সেবা পাচ্ছে। |
| **গণতন্ত্র রক্ষা** | আমাদের পবিত্র গণতন্ত্র সুরক্ষা আমাদের সার্বভৌম জাতির সাফল্যের জন্য সর্বোপরি। একটি দেশ হিসাবে, যারা এই দেশটিকে বাড়ি বলে তাদের অধিকার রক্ষার জন্য আমাদের অবশ্যই সাধ্যমতো সবকিছু করতে হবে। | গণতন্ত্রের কারণে আমার বাবা-মা গায়ানা ছেড়ে আমেরিকায় চলে যান। গণতন্ত্র ক্ষতিগ্রস্ত হয় যখন ক্ষমতায় থাকা ব্যক্তিরা প্রতিযোগিতার সম্মুখীন না হন, মনে করেন তাদের ক্ষমতা নিশ্চিত, এবং আপনাদের গুরুত্ব না দিয়ে, জনগণের সেবা করা বন্ধ করে দেন। NYC-তে ডেমোক্র্যাটদের সাথে এখন এটিই ঘটেছে। আসুন 7 নভেম্বরে তা পরিবর্তন করা যাক। |

# প্রার্থীদের ভিডিও দেখুন

প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/candidates**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 29

**গণতান্ত্রিক**

- লিন সি শুলম্যান (Lynn C Schulman)

**রিপাবলিকান, কনজারভেটিভ**

- ড্যানিয়েল মাইও (Danniel Maio)

**সাধারণ জ্ঞান**

- সুখী সিং (Sukhi Singh)

**যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন**

**এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।**



## লিন সি শুলম্যান (Lynn C Schulman)

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. স্বাস্থ্যসেবা উন্নতি বিধান করা; হাসপাতালের ধারণক্ষমতা তৈরী করা
2. আমাদের স্থানীয় স্কুলে বিনিয়োগ
3. আমাদের সিনিয়র এবং অবসরপ্রাপ্তদের সহায়তা প্রদান করা

*"স্বাস্থ্যসেবাকে সাশ্রয়ী এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের কাছে অ্যাক্সেসযোগ্য করার জন্য আমি পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি। আমার প্রথম মেয়াদে, হেলথ কমিটির চেয়ারপার্সন হিসেবে, আমি মহিলাদের স্বাস্থ্যের উন্নতি, প্রথম সিটিওয়াইড ডায়াবেটিস কমানোর পরিকল্পনা প্রবর্তন এবং প্রবীণদের জন্য স্বাস্থ্যের বিকল্পগুলি উন্নত করে সিটিকে স্বাস্থ্যকর করতে সাহায্য করেছি।*

*যেহেতু আমরা আমাদের জীবনকে সবচেয়ে খারাপ জনস্বাস্থ্য সংকট থেকে পুনরুদ্ধার করেছি, এখন আগের চেয়ে অনেক বেশি, ফরেস্ট হিলস, কেউ গার্ডেন, রিচমন্ড হিল এবং রেগো পার্ক প্রতিনিধিত্বকারী সিটি কাউন্সিল একটি শক্তিশালী, স্বাধীন, কণ্ঠস্বর থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** NYC স্বাস্থ্য ও হাসপাতাল কর্পোরেশন; FDNY-EMS

**শিক্ষা:** হার্ভার্ড এক্সিকিউটিভ লিডারশিপ প্রোগ্রাম; JD - ব্রুকলিন আইন স্কুল; BA - NYU

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** CB 6, CEC 28, 112তম পেটেন্ট কোঅপারেশন ট্রিটি কাউন্সিল

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিল; NYS অ্যাসেম্বলি সদস্য;

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ড্যানিয়েল মাইও (Danniel Maio)

রিপাবলিকান, কনজারভেটিভ

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. অপরাধ, ভোট রিপাবলিকান
2. ট্যাক্স এবং বর্জ্য, কনসারভেটিভ ভোট
3. ভোটারদের দাবি সত্য ও জবাবদিহিতা

*"ভোটার গাইডটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ!*

*রাজনীতি হল পলিট্রিক্সের খেলা। বিজয়ীরা নগদ পকেটে পুরে নেয়; পরাজিতরা প্রতারিত হয়। কোন ক্ষমতা ভাগাভাগি নয়, কোন বিতর্ক নয়, বিশদ বিবরণে নীরবতা, নিয়ম শুধুমাত্র তখনই প্রয়োগ করা হয় যখনই উপকারী হয় ন্যায্যতার উপর ভিত্তি করে নয়। ড্যানিয়েল মাইও (Danniel Maio) এই রাজনৈতিক কৌশলগুলি প্রকাশ করতে চান।"*

**বর্তমান পেশা:** আইডেন্টিটি ম্যাপ কোম্পানির মানচিত্র নির্মাতা এবং ডেটা বিশ্লেষক

**পূর্ববর্তী পেশাগুলি:** ওয়েস্টিংহাউস ইলেকট্রিকের ক্রেতা; এপস্টাইন বেকার এবং গ্রিন এ প্যারালিগাল

**শিক্ষা:** চামিন্ডে বিশ্ববিদ্যালয় (হনলুলু, HI) থেকে MS; আমেরিকান ইউনিভার্সিটি থেকে ইন্টারন্যাশনাল স্টাডিজে BA (ওয়াশিংটন, DC)

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** সেন্ট্রাল কুইন্স রিপাবলিকান ক্লাব

**পূর্বের জনসাধারণের অভিজ্ঞতা:** 2001, 2008, 2016, 2020, 2022 এ রাজনৈতিক প্রার্থী

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## সুখী সিং (Sukhi Singh)

সাধারণ জ্ঞান

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. শিক্ষার বাজেট হ্রাসে না বলুন
2. নিরাপদ রাস্তাঘাট তৈরিতে দায়বদ্ধ হন
3. ভাড়া স্থিতিশীলকরণের আইন বাড়ানো

*"1-শিক্ষার জন্য ফান্ড কমিয়ে দেয় এমন যেকোনো সিটি বাজেটকে "না" ভোট দিন।*

*2-সকল স্থানীয় কমুনিটির জন্য নিরাপদ রাস্তা তৈরি করতে এবং ঘৃণামূলক অপরাধ ও সহিংসতা মোকাবেলা করতে প্রতিশ্রুতিবদ্ধ হন*

*3-ভাড়া স্থিতিশীল আইন প্রসারিত করুন এবং এখন কাজ করে না এমন কয়েক দশকের পুরনো আইনে পরিবর্তনের প্রস্তাব করে ভাড়াটে এবং বাড়িওয়ালা উভয়কে রক্ষা করুন।*

*4-সমস্ত সরকারে সকল ভাষার প্রবেশাধিকার নিশ্চিত করুন। সংস্থা এবং বিভাগ*

*5-সেন্ট্রাল ও সাউথ ইস্টার্ন কুইনসের জন্য স্থানান্তরের অ্যাক্সেসযোগ্যতা বাড়াতে কুইনসলিঙ্ককে সহায়তা করুন"*

**বর্তমান পেশা:** IT পরামর্শদাতা

**পূর্বের পেশা:** IT পরামর্শদাতা

**শিক্ষা:** কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** শিখ কালচারাল সোসাইটি ইনকর্পোরেটেড।

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডিস্ট্রিক্ট লিডার প্রার্থী 2022

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | লিন সি শুলম্যান (Lynn C Schulman) ✓<br>গণতান্ত্রিক | ড্যানিয়েল মাইও (Danniel Maio) ✓<br>রিপাবলিকান, কনজারভেটিভ |
|---|---|---|
| **অপরাধ** | জনগণকে নিরাপদ বোধ করানোই সরকার প্রথম দায়িত্ব। জননিরাপত্তা একটি জটিল সমস্যা যার জন্য সহিংসতা বাধাদানকারীদের জন্য ফান্ডিং, মানসিক স্বাস্থ্য পরিষেবা বৃদ্ধি, NYPD-তে জড়িত হওয়া এবং আমাদের কমিউনিটির অংশীদারদের কাছ থেকে ইনপুট সহ অনেক স্তরের বিনিয়োগের প্রয়োজন। | জামিন সংস্কার আইন দুষ্কৃতি অপরাধকে বৈধ করেছে। NYPD -এর হাত বাধা এবং হতাশাগ্রস্ত; আইন মেনে চলা নাগরিকরা অপরাধীদের এবং আইনি ব্যবস্থার দ্বারা দ্বিগুন আঘাতের শিকার হয়। নিরাপত্তাকে জাতি, সম্পদ, বা লিঙ্গ দ্বারা অগ্রাধিকার দেওয়া সাধারণ ভুল! কেন ঘৃণিত অপরাধের আরো মনোযোগ পেতে হবে? |
| **মুদ্রাস্ফীতি** | আমরা আমাদের জীবনের সবচেয়ে খারাপ জনস্বাস্থ্য সংকট থেকে পুনরুদ্ধার করার সাথে সাথে, মুদ্রাস্ফীতি নাটকীয়ভাবে বৃদ্ধি পেয়েছে, ওয়ার্কিং ফ্যামিলিগুলিকে আঘাত করছে। আমি মুদ্রাস্ফীতির হারের উপর ভিত্তি করে বার্ষিক ন্যূনতম মজুরি বাড়ানোর জন্য NYS প্রণীত আইন কে সমর্থন করি। এটি কর্মরত নিউ ইয়র্কবাসীদের জন্য আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করবে। | পকেটমার, যানজট মূল্য, রিয়েল এস্টেট ট্যাক্স বৃদ্ধি, OATH, ভাড়া ফাঁকি, বাড়ি এবং ইউটিলিটিগুলিতে জলবায়ু পরিবর্তন ট্যাক্স, $112 বিলিয়ন শহরের বাজেট... মুদ্রাস্ফীতি বাড়ায় এমন সরকারের পদক্ষেপগুলি বন্ধ করতে হবে এবং নিয়ন্ত্রণ করতে হবে। ভুল বা অন্যায্য হলে করদাতাকে রিফান্ড করুন! |
| **গণতন্ত্র রক্ষা** | স্বাধীনতার মূল্যবোধ এবং মানবাধিকারের প্রতি শ্রদ্ধা গণতন্ত্র অপরিহার্য উপাদান। আমাদের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে জাতীয় ও স্থানীয়ভাবে ক্ষমতার অপব্যবহার থেকে রক্ষা করতে হবে। | পদাধিকারীদের বিরুদ্ধে ভোট দিন। প্রতিযোগিতা থাকলে গণতন্ত্র ভালোভাবে কাজ করে। এ বছর 15টি সিটি কাউন্সিলের প্রতিদ্বন্দ্বিতায় কোনো প্রতিপক্ষ নেই! |

## সুখী সিং (Sukhi Singh)

সাধারণ জ্ঞান

| |
|---|
| ঘৃণাসূচক অপরাধ ও সাধারণ হিংসা নিয়ন্ত্রণ করার জন্য বিভিন্ন শিক্ষামূলক প্রোগ্রামে ফান্ডিং দিয়ে সব কমিউনিটির জন্য রাস্তাঘাট সুরক্ষিত করতে প্রতিশ্রুতি নেওয়া |
| আমাদের উচিত স্থানীয় কৃষক, নির্মাতা ও স্থানীয় ক্ষুদ্র ব্যবসাগুলিকে অর্থায়ন করে সবকিছু বাইরে থেকে আমদানি করার পরিবর্তে ঘরেই উৎপাদন করা |
| আমরা বিশ্বের সবথেকে পুরনো গণতন্ত্র এবং এটিকে স্বচ্ছ ও ন্যায়সঙ্গত রাখতে আমাদেরকে সঠিক অর্থায়ন করে আমাদের নির্বাচনী পর্ষদকে সম্পূর্ণ সম্পদশালী করে রাখতে হবে |

# nyc votes কেফলো করুন

**নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!**

**@nycvotes**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 30

**ডেমোক্র্যাটিক, রিপাবলিকান, কনসারভেটিভ, এনিম্যাল ওয়েলফেয়ার, চিকিৎসার স্বাধীনতা**

- রবার্ট ফ্রান্সিস হোল্ডেন (Robert Francis Holden) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## রবার্ট ফ্রান্সিস হোল্ডেন (Robert Francis Holden) ✓

ডেমোক্র্যাটিক, রিপাবলিকান, কনসারভেটিভ, এনিম্যাল ওয়েলফেয়ার, চিকিৎসার স্বাধীনতা

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. জীবনের গুণমান
3. শিক্ষা

*"কাউন্সিলের সদস্য হিসেবে, আমি আমার নির্বাচকদের জীবনের গুণমান উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। এই এলাকায় আমার গভীর শিকড়, বিস্তৃত প্রজন্ম, আমাকে একটি অনন্য দৃষ্টিভঙ্গি এবং কমিউনিটির সেবা করার জন্য একটি আবেগ দেয়। আমি নির্ভয়ে আমাদের শহরের মুখোমুখি চ্যালেঞ্জগুলি গ্রহণ করেছি, এবং আমাদের স্কুল, পার্ক এবং সিনিয়র সেন্টারগুলির জন্য রেকর্ড-ব্রেকিং ফান্ডিং সুরক্ষিত করতে পেরে আমি গর্বিত। জননিরাপত্তা, জীবনের গুণমান, এবং নির্বাচনীয় পরিষেবার প্রতি আমার উৎসর্গ আমাকে NYC-এর শীর্ষ তিনজন কাউন্সিলের সদস্য একজন হিসাবে খ্যাতি অর্জন করিয়েছে। একজন ইউনিয়নের সদস্য, নাগরিক নেতা এবং নির্বাচিত কর্মকর্তা হিসাবে 48 বছরের অভিজ্ঞতার সাথে, আমি আমার কাজের জন্য একটি সাধারণ জ্ঞানের পদ্ধতি নিয়ে এসেছি এবং আপনাদের জন্য লড়াই চালিয়ে যাব।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** কলেজের অধ্যাপক

**শিক্ষা:** MFA

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** জুনিপার পার্ক সিভিক এসোসিয়েশন

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

## রবার্ট ফ্রান্সিস হোল্ডেন (Robert Francis Holden) ✓

ডেমোক্র্যাটিক, রিপাবলিকান, কনসারভেটিভ, এনিম্যাল ওয়েলফেয়ার, চিকিৎসার স্বাধীনতা

| | |
|---|---|
| **অপরাধ** | আমি আমাদের আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে সমর্থন করি, যার মধ্যে NYPD, সংশোধনী কর্মকর্তা, অগ্নিনির্বাপক, EMS কর্মী এবং প্রবীণরা রয়েছে। জননিরাপত্তা না থাকলে, আমরা আমাদের সিটি হারাবো এবং NYC থেকে ব্যাপকভাবে গণপ্রস্থান দেখতে থাকব। |
| **মুদ্রাস্ফীতি** | মধ্যবিত্ত ও ওয়ার্কিং ক্লাস পাড়াগুলি মুদ্রাস্ফীতির দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হয়, যা মূলত শক্তির উচ্চ খরচ এবং নিয়ন্ত্রণের বাইরে সরকার ব্যয় দ্বারা চালিত হয়। এই সমস্যাগুলি মোকাবেলা করার জন্য, আমাদের দেশকে শক্তি স্বাধীন হওয়ার দিকে পদক্ষেপ নিতে হবে |
| **গণতন্ত্র রক্ষা** | আমাদের গণতন্ত্র রক্ষার জন্য কণ্ঠের বিস্তৃত পরিসর এবং মতামতকে অনুমতি দেওয়া এবং উৎসাহিত করা সর্বোত্তম। অন্যান্য মতামত শোনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনেক লোক বিতর্ক বন্ধ করার জন্য এবং মিডিয়া বিভাজনে ইন্ধন জোগাচ্ছে বলে মনে হচ্ছে। |

## নির্বাচন সম্পর্কিত সূচনা পান

টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।

এখানে স্ক্যান করুন
বা nycvotes.org/stay-informed-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 31

**গণতান্ত্রিক**

- সেলভেনা এন ব্রুকস-পাওয়ারস (Selvena N Brooks-Powers)

**রিপাবলিকান, ম্যাড অ্যাজ হেল, প্যারেন্ট পার্টি**

- ড্যানিয়েলা মে (Daniella May) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।



## সেলভেনা এন ব্রুকস-পাওয়ারস (Selvena N Brooks-Powers)

গণতান্ত্রিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জীবনের মান
2. আবাসন
3. কমিউনিটির উন্নয়ন এবং অবকাঠামো

*“2021 সালে নির্বাচিত হওয়ার পর থেকে, আমরা জননিরাপত্তার জন্য $100 মিলিয়নেরও বেশি অর্জন করে মাঠে নেমেছি, একটি একেবারে নতুন স্কুল, পুরানো প্রাপ্তবয়স্ক কেন্দ্র এবং অত্যাধুনিক ফুটবল মাঠের ভিত্তি ভেঙেছি। আমরা এজেন্সিগুলিকে আমাদের প্রয়োজনের প্রতি দায়বদ্ধ রেখে, আমাদের যুবক, প্রবীন এবং পার্কগুলিতে রেকর্ড ফান্ডিং বিনিয়োগ করে চলেছি। আমি আমাদের স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করার জন্য একটি ট্রমা টাস্কফোর্সও চালু করেছি। আমি পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ সেখানে আরও অনেক কাজ বাকি রয়েছে।”*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** JFK রিডেভেলপমেন্ট কমিউনিটি আউটরিচ এবং এক্সটার্নাল অ্যাফেয়ার্স ডিরেক্টর, কমিউনিকেশন ডিরেক্টর, SEIU ইন্টারন্যাশনাল এবং NYC মেয়রের অফিস

**শিক্ষা:** আন্তর্জাতিক আইন, MS, NYU; সমাজবিজ্ঞান, BA, উইলবারফোর্স ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ডেল্টা সিগমা থিটা সরোরিটি, ইনকর্পোরেটেড, গ্রেটার অ্যালেন AME

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিল

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## ড্যানিয়েলা মে (Daniella May)

রিপাবলিকান, ম্যাড অ্যাজ হেল, প্যারেন্ট পার্টি

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ফার-রকওয়েতে ট্রমা সেন্টার রাখুন।
2. টেকসইতার জন্য শক্তিশালী অবকাঠামোকে অগ্রাধিকার দিন।
3. ক্রিয়াকলাপ, আউটরিচ দিয়ে অপরাধ মোকাবেলা করুন।

*"ড্যানিয়েলা (Daniella), একজন প্রাক্তন নার্স এবং মার্টিন ভ্যান বুরেন HS গ্র্যাজুয়েট, মহামারী চলাকালীন একজন ফ্রন্টলাইন কর্মী হয়েছিলেন, COVID-19 প্রতিরোধ, টিকাদান এবং গৃহহীনদের ক্ষত যত্নে সহায়তা করেছিলেন। তিনি ফার রকওয়েতে একটি লেভেল-ওয়ান ট্রমা সেন্টার প্রতিষ্ঠার লক্ষ্যে দীর্ঘ ভ্রমণ দূরত্বের কারণে মারাত্মক পরিস্থিতি মোকাবেলা করতে চান। ড্যানিয়েলা (Daniella) অবকাঠামোকে অগ্রাধিকার দেন এবং পাঠ্যক্রম বহির্ভূত কার্যকলাপ এবং ইতিবাচক পুলিশ নিযুক্তির মাধ্যমে অপরাধের হার হ্রাস করেন। সিটি কাউন্সিল, ডিস্ট্রিক্ট 31-এর জন্য প্রতিদ্বন্দ্বিতা করে, ড্যানিয়েলা (Daniella) একটি ইতিবাচক প্রভাব তৈরি করতে চান।"*

**বর্তমান পেশা:** প্রতিষ্ঠাতা - অলাভজনক এজেন্ডা 700

**পূর্বের পেশা:** লাইসেন্সপ্রাপ্ত প্রাকটিক্যাল নার্স

**শিক্ষা:** ভিব নাসাউ কাউন্টি স্কুল অব প্রাকটিক্যাল নার্সিং

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** নিউ ইয়র্ক ইয়াং রিপাবলিকান ক্লাব

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কোনোটিই নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# আপনার ব্যালটের পরিকল্পনা করুন

**আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/plan-your-ballot-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | **সেলভেনা এন ব্রুকস-পাওয়ারস (Selvena N Brooks-Powers)**<br>গণতান্ত্রিক | **ড্যানিয়েলা মে (Daniella May)** ✓<br>রিপাবলিকান, ম্যাড অ্যাজ হেল, প্যারেন্ট পার্টি |
|---|---|---|
| **অপরাধ** | আমাদের অবশ্যই অপরাধকে তখনই মোকাবেলা করতে হবে যখন এটি ঘটে, বিশেষ করে সহিংস অপরাধ। কিন্তু, আমাদের অবশ্যই পদ্ধতিগত বাধাগুলি চিনতে হবে এবং তার হিসাব রাখতে হবে যা আমাদের দেখতে পারা অপরাধগুলির অন্তর্নিহিত কারণ। এর অর্থ হল ডাইভারশন প্রোগ্রাম, আবাসন, কর্মসংস্থান, স্বাস্থ্যসেবা এবং মানসম্পন্ন খাবারের অ্যাক্সেসে বিনিয়োগ করা। | অপরাধ একটি গুরুতর সমস্যা যার জন্য আমাদের কমিউনিটির নিরাপত্তা ও সুরক্ষার জন্য দৃঢ় পদক্ষেপের প্রয়োজন। অপরাধ মোকাবেলা করার জন্য কঠোর আইন প্রয়োগকারী নীতি, ব্যক্তিগত দায়িত্ব এবং শক্তিশালী পরিবার ও কমিউনিটির সমন্বয় প্রয়োজন। |
| **মুদ্রাস্ফীতি** | মুদ্রাস্ফীতি এবং জীবনযাত্রার উচ্চ ব্যয়ের কারণে আমার ডিস্ট্রিক্ট পরিবারগুলি সংগ্রাম করছে। আমরা অতি সম্প্রতি কৃষ্ণাঙ্গ পরিবারগুলির বহির্গমন দেখেছি। আবাসন, ট্রানজিট, মুদিখানার জিনিসপত্র এবং আরও অনেক কিছুর জন্য আমাদের জীবনযাত্রার উচ্চ ব্যয় মোকাবেলার উপায় খুঁজে বের করতে হবে। | মুদ্রাস্ফীতি ব্যক্তি এবং ব্যবসার জন্য ক্ষতিকারক পরিণতি হতে পারে। একটি স্থিতিশীল ও সমৃদ্ধ অর্থনৈতিক ভবিষ্যত নিশ্চিত করার জন্য মুদ্রাস্ফীতি কমাতে বা প্রতিরোধ করতে, আর্থিক দায়বদ্ধতা, সুষ্ঠু আর্থিক নীতি এবং মুক্ত বাজার প্রতিযোগিতা মোকাবেলার জন্য বিচক্ষণ নীতির প্রয়োজন। |
| **গণতন্ত্র রক্ষা** | 6ই জানুয়ারী আমাদের গণতন্ত্র সত্যিকার অর্থে কতটা ভঙ্গুর হতে পারে তার একটি অনুস্মারক। এই কারণেই আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে আমরা ব্যালট বক্সে প্রবেশাধিকারের বাধাগুলি সরিয়ে ফেলব এবং অন্যান্য ব্যবস্থাগুলি যা মৌলিক অধিকার এবং মূল্যবোধকে রক্ষা করবে যা আমরা সবাই আজ প্রশংসা করি। | গণতন্ত্র রক্ষা করা একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার যার জন্য আইনের শাসন, ব্যক্তি অধিকার এবং স্বাধীনতা রক্ষা এবং নাগরিক নিযুক্তি এবং অংশগ্রহণের প্রচারের প্রতিশ্রুতির প্রয়োজন। গণতন্ত্র রক্ষার মাধ্যমে আমরা সকলের জন্য একটি স্বাধীন, ন্যায়পরায়ণ ও সমৃদ্ধ সমাজ নিশ্চিত করতে পারি। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 32

**রিপাবলিকান, কনজারভেটিভ**

- জোয়ান অ্যারিওলা (Joann Ariola) ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, **bengali.nycvotes.org/candidates** দেখুন।

---



## জোয়ান অ্যারিওলা (Joann Ariola) ✓

রিপাবলিকান, কনজারভেটিভ

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. জীবনের গুণমান
3. অর্থনীতি

*"আমি পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ আমি জানি যে এই শহরটিকে এমন একটি জায়গায় পরিণত করার জন্য এখনও অনেক কাজ বাকি আছে যেখানে সমস্ত নিউ ইয়র্কবাসী নিরাপদ বোধ করতে পারে এবং আমাদের সকলের আশানুরূপ জীবনের গুণমান উপভোগ করতে পারে। আগামী বছরগুলিতে, আমি জননিরাপত্তা উন্নতির জন্য লড়াই চালিয়ে যাওয়ার এবং আমাদের রাস্তাগুলি আগের চেয়ে আরও পরিষ্কার এবং নিরাপদ করার পরিকল্পনা করছি।"*

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** পরিচালক, আন্তঃসরকার বিষয়ক, মেডিসিস হেলথ নেটওয়ার্ক

**শিক্ষা:** অ্যাডেলফি বিজনেস স্কুল

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** NYC কাউন্সিলের ফায়ার অ্যান্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** সহকারী কমিশনার, মেয়রের কমিউনিটি সহায়তা ইউনিট, কর্মী প্রধান, NYC কাউন্সিল

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

## জোয়ান অ্যারিওলা (Joann Ariola) ✓

রিপাবলিকান, কনসারভেটিভ

| | |
|---|---|
| **অপরাধ** | যদিও অনেক এলাকায় অপরাধ হ্রাস পেয়েছে, বন্দুক এর সাহায্যে সহিংসতা এবং সহিংস অপরাধগুলি এখনও বাড়ছে। আমি প্রশাসনের অপরাধ প্রতিরোধের উদ্যোগকে সমর্থন করি, NYPD এবং ব্যর্থ জামিন সংস্কার ব্যবস্থা বাতিল করে যা সহিংস অপরাধীদের আমাদের রাস্তায় থাকতে দিয়েছে। |
| **মুদ্রাস্ফীতি** | আমাদের সিটিতে এবং স্টেটে থাকা এবং একটি বাড়ি কেনা এবং তাদের পরিবারকে খাওয়ানো লোকেদের পক্ষে কঠিন থেকে কঠিন হচ্ছে। এই কারণেই আমি স্থানীয় খাবারের প্যান্ট্রিগুলিকে অর্থায়ন ও অনুমোদন করেছি এবং বাড়ির মালিকদের জন্য ট্যাক্স রিফান্ডের জন্য ভোট দিয়েছি। এটি এক দশকেরও বেশি সময়ের মধ্যে প্রথম রিফান্ড ছিল। |
| **গণতন্ত্র রক্ষা** | আমি গণতন্ত্রবিশ্বাস করি এবং সেই গণতন্ত্র এবং NYC-তে বসবাসকারী মানুষের অধিকার রক্ষার জন্য আমি NYC কাউন্সিলের সদস্য হয়েছি। |

## আপনার ব্যালটের পরিকল্পনা করুন

**আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পোল সাইটে নিয়ে যাওয়ার জন্য আপনার পছন্দগুলি সংরক্ষণ করুন!**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/plan-your-ballot-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 34

**ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস**

- জেনিফার গুটিয়েরেজ (Jennifer Gutierrez) ✓

**চিকিৎসার স্বাধীনতা**

- মার্গারিট চ্যান্ডলার (Marguerite Chandler)

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। পৃষ্ঠা 61-এ আরও জানুন

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। প্রার্থীদের সবচেয়ে আপ-টু-ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিও খুঁজতে, এবং সমস্যার অবস্থান তুলনা করতে, bengali.nycvotes.org/candidates দেখুন।

---



## জেনিফার গুটিয়েরেজ (Jennifer Gutierrez) ✓

ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ইউনিভার্সাল চাইল্ড কেয়ার
2. ভাড়াটেদের সুরক্ষা জোরালো ও প্রসারিত করা
3. পরিবেশগত সুবিচার

*"জেনিফার গুটিয়েরেজ (Jennifer Gutiérrez) হলেন একজন সংগঠন, অ্যাক্টিভিস্ট ও মিত্র। এক দশকের বেশি সময় ধরে, জেনিফার পরিবারগুলিকে প্রভাবিত করা সমস্যা নিয়ে কাজ করছেন যাদেরকে এখন তিনি উপস্থাপনাও করছেন। কুইন্সে কলম্বিয়ান অভিবাসীদের ঘরে জন্মানো ও বেড়ে ওঠা জেনিফার এক-কামরার অ্যাপার্টমেন্টে বড় হয়েছেন ও সরকারি স্কুলে গেছেন। অনেক কম বয়স থেকেই তিনি প্রবক্তার ভূমিকা পালন করছেন, যখন তার বাবা অক্ষম হয়ে পড়েন এবং তাকে বিমা কোম্পানির সাথে লড়াই করতে হয়, নিজের মায়ের সাথে পরিষ্কার পরিচ্ছন্ন করার কাজে সাথ দিয়ে তাঁর বেতন অনুবাদ করার ও বেতন নিয়ে দর কষাকষি করতে সাহায্য করতেন। অফিসে ব্যয়িত সময়ে তিনি সাশ্রয়ী আবাসন, স্কুল ও ডে-কেয়ারে ফান্ডিং করা, ব্রডব্যান্ড দেওয়ার সাম্যভাব ও অ্যাক্সেস এবং সোশ্যাল সার্ভিসে বাজেট কাটছাঁটের ব্যাপারে লড়েছেন যা আমাদের কমিউনিটিগুলির অত্যন্ত বেশি করে দরকার।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** কর্মী প্রধান

**শিক্ষা:** আলবানিতে ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** গণতান্ত্রিক



## মার্গারিট চ্যান্ডলার (Marguerite Chandler)

চিকিৎসার স্বাধীনতা

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সেন্সরশিপ, মুক্ত বক্তৃতা
2. চিকিৎসার স্বাধীনতা
3. শহর দেউলিয়া হয়ে যাচ্ছে

*"বর্তমান আগ্রহে, ইতিহাস এবং অর্থনীতির অনেক বিষয়ে, একজন স্ব-শিক্ষিত বিদ্বান্। আমাদের একটি বর্ষণ দরকার, চারিদিকে তথ্যে ভিজে যাওয়া দরকার, যাতে নাগরিকরা তাদের নিজস্ব মন তৈরি করার অবস্থানে থাকে। "দূরদর্শিতা ছাড়া একটি মানুষ ধ্বংস হয়ে যায়।" শুধুমাত্র তথ্যের অবাধ আদান-প্রদানের মাধ্যমেই অগ্রগতি ও উদ্ভাবন সম্ভব।"*

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশাগুলি:** কুমার, লেখক, সহ-আবাসন সংগঠক

**শিক্ষা:** ইউনিভার্সিটি, কোনো ডিগ্রী নেই। U.C.L.A. U.C. সান্তা বারবারা, বিভিন্ন কমিউনিটি কলেজ এবং স্টেট ইউনিভার্সিটি, স্কুল। কলেজ অব মিউজিক, মেরিন কাউন্টি, ক্যালিফোর্নিয়া

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ব্লকবুশ যুদ্ধবিরোধী গ্রুপ, বায়োরিজিওনাল কংগ্রেস প্রতিনিধি। ক্লিয়ার ওয়াটারের জন্য হাডসন রিভার স্লুপ গায়ক। স্লুপ ক্লাব বীকন NY।

**পূর্বের জনসাধারণের অভিজ্ঞতা:** কোনোটিই নয়

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের ভিডিও দেখুন

**প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/candidates-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | জেনিফার গুটিয়েরেজ (Jennifer Gutierrez) ✓<br>ডেমোক্রেটিক, ওয়ার্কিং ফ্যামিলিস | মার্গারিট চ্যান্ডলার (Marguerite Chandler)<br>চিকিৎসার স্বাধীনতা |
|---|---|---|
| **অপরাধ** | আমাদের বাচ্চাদের হাত থেকে বন্দুক সরানো, এমন কমিউনিটি সংস্থানে ফান্ডিং বাড়ানো দরকার যা কার্যকর হবে বলে আমরা জানি: মানসিক স্বাস্থ্য ও মাদক অপব্যবহারের পরিষেবা, সম্মানজনক আবাসন ও স্কুলে হিংসায় হস্তক্ষেপ। | আমাদের বাড়িতে এবং আমাদের কমিউনিটিতে শান্তির জন্য উপযুক্ত অবস্থার অস্তিত্ব নিশ্চিত করতে জীবন্ত শ্বাস নেওয়া মানুষ হিসাবে আমাদের একসাথে কাজ করতে হবে; এর মধ্যে রয়েছে পার্ক এবং যুবকদের জন্য প্রোগ্রাম। পুনরাবৃত্তিমূলক সহিংস অপরাধীদের বিচার না হওয়া পর্যন্ত কারাগারে রাখা উচিত। |
| **মুদ্রাস্ফীতি** | প্রতিদিন নিউ ইয়র্কবাসীরা দুইবেলা দুই মুঠো জোগাড় করার জন্য কষ্ট করেন; ভাড়া আকাশচুম্বী এবং দুধ ও ডিমের দাম এবং সবথেকে বেশি। এখন আমাদেরকে এমন পরিবারগুলিকে সহায়তা দেওয়ার জন্য পুরো সরকার জুড়ে সোশ্যাল সার্ভিসে জোরদার বিনিয়োগ করার কথা ভাবতে হবে যাদের সত্যিই সাহায্যের সবথেকে বেশি দরকার। | অর্থনৈতিক সমস্যাগুলি সরকারী নীতির ফলাফল। মুদ্রাস্ফীতি যারা সঞ্চয় করে তাদের কাছ থেকে চুরি করে। মুদ্রাস্ফীতির প্রবণতা সম্ভবত একটি ক্ষুধার সমস্যা তৈরি করবে, এখন পর্যন্ত যা আছে তার থেকেও বড়। আমি চাই মানুষ শহরে খাবার উৎপাদন করুক, পারমাকালচার কৃষি পদ্ধতি ব্যবহার করে। |
| **গণতন্ত্র রক্ষা** | আমি 'মাই সিটি মাই ভোটের' অনেকদিন ধরেই প্রবক্তা রয়েছি এবং মনে করি প্রত্যেক নিউ ইয়র্কবাসী, তা সে তার অভিবাসন স্থিতি যাইহোক না কেন, তিনি আমাদের শহরে নিজের ভোট দিতে সক্ষম হওয়া উচিত। আমি একই দিনে ভোটার রেজিস্ট্রেশন আরোপ করার ব্যাপারে স্টেটকেও জোর দেব। | ভোট খুবই গুরুত্বপূর্ণ। অনেকেই ভোট পেতে তাদের জীবন দিয়েছেন। এটা খুবই মূল্যবান। যখন ব্যালট গণনা করা হয় যা "অনাথ", ত্রুটিপূর্ণ ভোটার তালিকার ফলাফল; এটি ভোট চুরি করে, নাগরিকদের ভোট চুরি করে। আমি বিশ্বাস করি শুধুমাত্র মার্কিন নাগরিকদের ভোট দিতে সক্ষম হওয়া উচিত |

# শরৎকালের 2023 ব্যালট প্রস্তাবনাসমূহ


### ব্যালট প্রস্তাব কি?

এই নির্বাচনের প্রস্তাবনাসমূহ স্টেট সংবিধানের সংশোধনের জন্য। এই শরৎকালের ব্যালটে রাজ্যব্যাপী দুটি প্রস্তাবনাসমূহ রয়েছে।

আপনি এই প্রতিটি প্রস্তাবনাসমূহে “হ্যাঁ” বা “না” ভোটপ্রদান করতে পারেন। ব্যালট প্রস্তাবনাসমূহ অনুমোদিত হয় যদি সেগুলি ভোটের সংখ্যাগরিষ্ঠতা পায়।

### ব্যালটে এইসব প্রস্তাবনাসমূহ কেন রয়েছে?

নিউ ইয়র্ক স্টেটের আইনসভা নিউ ইয়র্কবাসীদের ভোট দেওয়ার জন্য রাজ্যব্যাপী ব্যালট ব্যবস্থা প্রস্তাব করে এবং পাস করে।



# ব্যালট প্রস্তাবনা 1

# বিশেষ সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলিকে অপসারণ করা

## ব্যালটে আপনি যা দেখতে পাবেন

সংবিধানের অনুচ্ছেদ 8, ধারা 4-এর প্রস্তাবিত সংশোধনী এখন ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর রাখা বিশেষ সাংবিধানিক ঋণের সীমাবদ্ধতাকে সরিয়ে দেয়, তাই তাদের অন্যান্য সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের মতোই বিবেচনা করা হবে। প্রস্তাবিত সংশোধনী কি অনুমোদিত হবে?

## প্রস্তাবনার সারাংশ:

এই সাংবিধানিক সংশোধনীটি ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টের জন্য বিশেষ ঋণ সীমা অপসারণ করে। সমস্ত স্কুল ডিস্ট্রিক্টের জন্য ঋণের সীমা রাষ্ট্রীয় আইনে প্রতিষ্ঠিত হবে।

একটি ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্ট হল সে যে একটি ছোট শহরের অন্তত অংশ অন্তর্ভুক্ত করে। একটি ছোট শহর হল একটি শহর যেখানে এক লাখ পঁচিশ হাজারেরও কম লোক রয়েছে।

একটি ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্ট কতটা ঋণ বহন করতে পারে তা রাজ্যের সংবিধান সীমাবদ্ধ করে। তাদের ঋণ ডিস্ট্রিক্টের করযোগ্য রিয়েল এস্টেটের মূল্যের পাঁচ শতাংশের বেশি হতে পারে না। কিছু খরচের জন্য ব্যতিক্রম রয়েছে। অন্যান্য স্কুল ডিস্ট্রিক্টগুলি সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতার আধীন নয়, তবে রাষ্ট্রীয় আইন দ্বারা প্রদত্ত একটি ভিন্ন ঋণ সীমা রয়েছে। রাষ্ট্রীয় আইন বলে যে তাদের ঋণ করযোগ্য প্রকৃত সম্পত্তির মূল্যের দশ শতাংশের বেশি হতে পারে না। এই সাংবিধানিক সংশোধনী পাস হলে, ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলি আইন প্রণয়নের মাধ্যমে প্রণীত অন্যান্য স্কুল ডিস্ট্রিক্টের মতো একই ঋণ সীমা পাওয়ার যোগ্য হবে।

## যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

ছোট সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলি অন্যান্য স্টেটের স্কুল ডিস্ট্রিক্টগুলির মতো আইনের মাধ্যমে প্রণীত একই ঋণ সীমা থাকার যোগ্য হবে।

# ব্যালট প্রস্তাবনা 2

# পয়ঃনিষ্কাশন প্রকল্পের ঋণ ঋণ সীমা থেকে বর্জন করা

## ব্যালটে আপনি যা দেখতে পাবেন

সংবিধানের অনুচ্ছেদ 8, ধারা 5-এর প্রস্তাবিত সংশোধনীটি কাউন্টি, শহর, নগর এবং গ্রামের কর্তৃত্বকে তাদের সাংবিধানিক ঋণ সীমাবদ্ধতা থেকে পয়ঃনিষ্কাশন সুবিধা নির্মাণের জন্য ঋণ থেকে সরানোর ক্ষমতা দশ বছরের জন্য প্রসারিত করে। প্রস্তাবিত সংশোধনী কি অনুমোদিত হবে?

## প্রস্তাবনার সারাংশ:

সংবিধান কাউন্টি, শহর, নগর এবং গ্রামগুলির বহন করতে পারা ঋণ সীমাবদ্ধ করে। এই ঋণ সীমার মধ্যে পয়ঃনিষ্কাশন এবং নিষ্পত্তি নির্মাণ প্রকল্পের ঋণ অন্তর্ভুক্ত নয়। নর্দমা ঋণের ব্যতিক্রমের মেয়াদ 1 জানুয়ারী, 2024-এ শেষ হবে। এই সংশোধনীটি 1 জানুয়ারী, 2034 পর্যন্ত আরও দশ বছরের জন্য নর্দমা ঋণের ব্যতিক্রম প্রসারিত করে।

প্রস্তাবিত সংশোধনী সংবিধানের অনুচ্ছেদ 8 এর ধারা 5 কে পরিবর্তন করে এটি করে।

## যদি এই প্রস্তাবনাটি পাস হয়:

সংবিধান কাউন্টি, শহর, নগর এবং গ্রামগুলিকে ঋণের পরিমাণ থেকে পয়ঃনিষ্কাশন, চিকিৎসা এবং নিষ্পত্তির খরচ বাদ দেওয়া আরও 10 বছর পর্যন্ত অব্যাহত রাখবে।

# NYC Votes সম্পর্কে

**NYC Votes হচ্ছে নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ, একটি স্বতন্ত্র সিটি এজেন্সি যা নিশ্চিত করে যে স্থানীয় নির্বাচনগুলি যাতে ন্যায্য, সর্বব্যাপী এবং উন্মুক্তভাবে হয়।**

আমরা ভোটার ও প্রার্থীদের মধ্যে অংশগ্রহণ করার ব্যাপারটিকে সমানভাবে উৎসাহ দেই যাতে আমাদের নির্বাচিত কর্মকর্তারা আমাদের বিভিন্ন কমিউনিটির চাহিদাগুলি এবং ভোটাররা যে বিষয়গুলি নিয়ে চিন্তা করেন সেগুলির সমাধান করতে পারেন।

নিউ ইয়র্কের এমন বাসিন্দা যারা ভোটদান করতে চান না তাদের ক্ষমতায়ণ করার মাধ্যমে, অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষেত্রে বাঁধাগুলি হ্রাস করার মাধ্যমে, এবং আমাদের নির্বাচন ব্যবস্থা উন্নয়নের জন্য সমাধান প্রদান করার মাধ্যমে আমরা এটি করে থাকি। শহরব্যাপী ভোটারদের নিবন্ধিত করতে, শিক্ষা প্রদান করতে এবং অংশগ্রহণ করাতে NYC Votes কমিউনিটির প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবক, এবং অন্যান্য সিটি এজেন্সিগুলির সঙ্গে অংশীদারত্ব করে। আমাদের লক্ষ্য হল আমাদের নির্বাচন কীভাবে কাজ করে এবং কেন সেগুলি গুরুত্বপূর্ণ সে সম্পর্কে একটি সৎ সংলাপের মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে আরও বৃহত্তর ধারণা তৈরি করা।

1988 সালে প্রতিষ্ঠিত, এজেন্সিটি নিউ ইয়র্কের অধিবাসীদের, তাদের ব্যালটের প্রার্থীদের সম্পর্কে তথ্য এবং কীভাবে তাদের ক্যাম্পেইন ফান্ডিং করা হবে, এই সম্পর্কে প্রস্তুত করে। আমাদের ম্যাচিং ফান্ড প্রোগ্রাম লোকাল ডোনারের কাছ থেকে প্রতি $1 সিটি ফান্ডিংয়ের $8 পর্যন্তর সাথ মেলায়, যা সিটির প্রার্থীদের স্পেশাল ইন্টারেস্টের পরিবর্তে তাদের কমিউনিটিগুলিতে ফোকাস করতে উৎসাহিত করে।

## ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম

**শহরের প্রার্থীদের প্রতি আপনার অবদান আরও বেশি কাজে লাগে যখন আপনি এমন প্রার্থীদের সমর্থন করেন যারা শহরের ম্যাচিং ফান্ডস প্রোগ্রামে অংশগ্রহণ করেন। শহরের বাসিন্দাদের তরফ থেকে অংশগ্রহণকারী প্রার্থীদের প্রতি অনুদান $8-থেকে-$1-এর হিসাবে মিলানো যেতে পারে। তার মানে আপনি যখন $10 অবদান রাখেন, তখন প্রার্থী $90 পান।**

এই প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করে যে ক্যাম্পেইনগুলি যাতে নিউ ইয়র্ক বাসীদের কাছ থেকে ছোট ডলারের অনুদান দ্বারা ফান্ড করা হয়, বিশেষ স্বার্থ দ্বারা নয়। এর মানে হচ্ছে এও যে, যে প্রার্থীরা ধনী নন কিন্তু তাদের শক্তিশালী কমিউনিটির সমর্থন আছে তারা প্রতিদ্বন্দ্বিতা করে আরও বৈচিত্র্যময় এবং প্রতিনিধিত্বমূলক সরকার তৈরি করার সামর্থ্য রাখতে পারেন। নিউ ইয়র্ক সিটির 2021 সালের নির্বাচনে, স্থানীয় প্রার্থীদের 83% এরও বেশি বলেছিলেন যে অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার তাদের ক্ষমতার জন্য ম্যাচিং ফান্ডসই চাবিকাঠি ছিল।

**অবদান রাখুন**
**contribute.nycvotes.org-এ**

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## সাধারণ

### সাধারণ নির্বাচন কী?

সাধারণ নির্বাচনে, নির্বাচিত অফিস জয় করার জন্য বিভিন্ন দল থেকে প্রার্থীরা প্রতিযোগিতা করে। ব্যালটে উল্লেখিত প্রত্যেকটি অফিসের জন্য আপনি যে কোন প্রার্থী কিংবা দলকে ভোটদান করতে পারবেন। আপনি প্রস্তাবিত ব্যালটে "হ্যাঁ" কিংবা "না" ভোট করতে পারেন। যে সকল ভোটারগণ সময়সীমার মধ্যে নিবন্ধিত হবেন, শুধুমাত্র তাঁরা সাধারণ নির্বাচনে ভোটদানের যোগ্য বলে বিবেচিত হবেন।

### আমি ভোটপ্রদান করতে নিবন্ধন করেছি কি না তা কীভাবে যাচাই করতে পারবো?

voterlookup.elections.ny.gov-এ যান বা 866-VOTE-NYC (866-868-3692) বা শ্রবণ প্রতিবন্ধীদের জন্য TTY 212-487-5496-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।

### যদি গত ভোটপ্রদানের পর আমি নিউ ইয়র্ক সিটির ভেতরেই নিবাসস্থান পরিবর্তন করে থাকি?

আপনি যদি নিবাসস্থান পরিবর্তন করে থাকেন, তবে নতুন ভোটার নিবন্ধন ফর্ম নির্বাচন বোর্ডে জমা দিয়ে আপনার ঠিকানা পরিবর্তন করবেন। আপনার ঠিকানা পরিবর্তন 23 অক্টোবরের মধ্যে নির্বাচন বোর্ডের (Board of Elections) কাছে পৌঁছে যেতে হবে। শ্রবণ প্রতিবন্ধীদের জন্য আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়া করা হয়েছে কিনা তা জানতে 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ কল করুন। যদি আপনার ঠিকানা এখনও আপডেট করা না হয়, তাহলে আপনি আপনার পোল সাইটে এফিডেভিট ব্যালটের অনুরোধ করে আপনার নতুন ঠিকানায় নির্ধারিত পোল সাইটে ভোট দিতে পারেন।

## ডাকযোগে ভোট দিন

### অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করার বৈধ কারণগুলি কী?

আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন যদি আপনি নির্বাচনের দিন নিউ ইয়র্ক সিটি থেকে দূরে থাকেন, যদি অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে, যদি অসুস্থ বা শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য প্রাথমিক যত্ন প্রদানকারী হন, যদি একজন ভেটেরান হেলথ অ্যাডমিনিস্ট্রেশন হাসপাতালের বাসিন্দা বা রোগী হন, বা আপনি যদি কারাবাসে (একটি অপরাধের দোষী সাব্যস্ত হওয়া ছাড়া অন্য কোনো কারণে) বা বিচারের অপেক্ষায় থাকেন। আপনি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মে আপনার কারণ চিহ্নিত করতে পারেন।

### যদি আমি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করে থাকি, তবেও কি আমার সশরীরে ভোট দেওয়ার যোগ্যতা থাকবে?

আপনি যদি একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করেন, তাহলে আপনার এটি দিয়েই ভোট দেওয়ার পরিকল্পনা করা উচিত। ভোট চালু থাকাকালীন আপনার পূরণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালট যেকোনো ভোটকেন্দ্রে আপনি পৌঁছে দিতে পারবেন। তবে, যদি আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরেও সশরীরে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দিতে হবে। এই ব্যালটটি দেখতে ভিন্ন হবে। যদি প্রয়োজন হয় তাহলে একজন ভোট কর্মীর সহায়তা চান।

### আমি যদি আমার ব্যালট ডাকযোগে পাঠাই তাহলে কি আমাকে স্ট্যাম্প ব্যবহার করতে হবে?

না, আপনাকে স্ট্যাম্প যোগ করতে হবে না। তবে, যত তাড়াতাড়ি সম্ভব আপনার ব্যালট ফেরত পাঠানোর বিষয়টি ভুলবেন না। এটিকে নির্বাচনের দিনের মধ্যে পোস্টমার্ক করতে হবে এবং বৈধ হওয়ার জন্য 14 নভেম্বরের মধ্যে কাউন্টি বোর্ড দ্বারা প্রাপ্ত হতে হবে।

### আমি কি আমার পোল সাইটে আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পৌঁছে দিতে পারি?

হ্যাঁ! আপনি যেকোনো NYC পোল সাইটে বা নির্বাচন বোর্ডের অফিসে আপনার সম্পূর্ণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালটটি গিয়ে পৌঁছে দিতে পারেন। ব্যালট বক্সগুলো ফ্রন্টডেস্কে থাকবে। আপনাকে পোস্টেজ যোগ করতে হবে না।

### আমি আমার ব্যালট ফেরত দেওয়ার পরে ট্র্যাক করতে পারি কি?

হ্যাঁ! nycabsentee.com/tracking-এ যান।

### যদি আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালটে কোন সমস্যা থাকে তাহলে কী হবে? আমি কি এটা ঠিক করার সুযোগ পাব?

যদি আপনার ব্যালটের খামে স্বাক্ষর অনুপস্থিত বা ভুল স্বাক্ষরের মত সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে সে সম্পর্কে আপনাকে অবহিত করতে নির্বাচন বোর্ড আইনত বাধ্য। যদি আপনার ব্যালটে সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে ত্রুটি খুঁজে পাওয়ার 1 দিনের মধ্যে ডাকযোগে, ইমেইলে এবং ফোন (যদি উপলব্ধ থাকে) দ্বারা তারা আপনার সাথে যোগাযোগ করবে। তারপরে একটি স্বাক্ষরিত নিশ্চিতকরণ ফেরত দিয়ে ত্রুটি সংশোধন করার জন্য আপনার কাছে 7 কার্যদিবস পর্যন্ত সময় থাকবে।

# আরো প্রশ্ন আছে কি?

bengali.nycvotes.org/faqs-এ যান!

এছাড়াও আপনি আমাদের nycvotes@nyccfb.info-এ ইমেইল করতে পারেন, অথবা Instagram, Twitter, Facebook, বা Reddit (@nycvotes)-এ আমাদের মেসেজ করতে পারেন।

## নির্বাচন বোর্ডের সঙ্গে আপনার তথ্য আপডেট করুন।

নিউ ইয়র্ক সিটি নির্বাচন বোর্ড দ্বারা তদারকি করা নিবন্ধিত ভোটারদের তালিকা থেকে আমরা আপনার নাম এবং ঠিকানা পেয়েছি।

যদি আপনি মেইলে এই ভোটারের গাইডটি পেয়ে থাকেন, কিন্তু আপনি সেই নির্ধারিত ব্যক্তি না হন, কিংবা নির্ধারিত ব্যক্তিকে যদি অপসারণ করা হয়ে থাকে কিংবা তাঁর মৃত্যু হয়ে থাকে, তাহলে নির্বাচনের বোর্ডকে জানান, যেন তাঁরা তাদের রেকর্ড সংশোধন করতে পারেন।

## নির্বাচন বোর্ড (Board of Elections) সঙ্গে যোগাযোগ করুন।

নির্বাচন বোর্ড আমাদের নির্বাচনগুলি পরিচালনা করে এবং নিবন্ধিত ভোটারদের ডেটাবেজ ব্যবস্থাপনা, ভোট দানের স্থানসমূহ পর্যবেক্ষণ করা, ব্যালটগুলি গণনা করা, এবং নির্বাচনের ফলাফলগুলি রিপোর্ট করার জন্য দায়বদ্ধ। আপনি আপনার ভোটার নিবন্ধন আপডেট করতে পারেন, অনুপস্থিত ব্যালটের আবেদন করতে পারেন, ভোট কর্মী কিংবা ভাষাগত অনুবাদকের জন্য আবেদন, নিউইয়র্ক সিটির বোর্ড অফ ইলেকশনসের সঙ্গে আরও অনেক কিছু করতে পারেন।

## ভোটার গাইড সম্পর্কে

NYC VOTES

আইন অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডকে সিটি নির্বাচনের জন্য নিউ ইয়র্ক সিটিতে নিবন্ধিত ভোটার সহ প্রতিটি বাড়িতে একটি ভোটার গাইড পাঠাতে হবে। আমরা প্রতিটি নিবন্ধিত ভোটারকে ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় এবং আদমশুমারির তথ্যের ভিত্তিতে লক্ষ্যযুক্ত এলাকার ভোটারদের আরবি, বাংলা, চীনা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, হিন্দি, কোরিয়ান, পোলিশ, পাঞ্জাবি, রাশিয়ান এবং উর্দুতে একটি গাইড পাঠাই।

এই গাইডে সেই সকল প্রার্থীকে তালিকাভুক্ত করা হয়েছে যাদেরকে প্রকাশনার সময় ব্যালটে থাকার প্রত্যাশা করেছেন। একটি আপ-টু-ডেট তালিকার জন্য, **nycvotes.org/bn**-এ অনলাইন গাইড দেখুন।

নিউ ইয়র্ক সিটির 2023 সালের সাধারণ নির্বাচনের ভোটার গাইড। নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড দ্বারা কপিরাইট © 2023। সকল অধিকার সংরক্ষিত। বেলওয়েদার এজেন্সি দ্বারা ডিজাইন করা। USA-তে তৈরি

### কাজের নিয়মিত সময়সূচী

সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার, এবং নির্বাচনের দিনে ও নির্বাচনের দিনের আগের সপ্তাহান্তে। কাজের সময়সূচীর জন্য **vote.nyc**-এ গিয়ে দেখুন।

866-VOTE-NYC (TTY 212-487-5496 শ্রবণ প্রতিবন্ধীদের জন্য)

**আরও জানতে vote.nyc-এ যান।**

| | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| **সাধারণ অফিস** | 32-42 Broadway, 7th Floor<br>New York, NY 10004 | 212-487-5400 |
| **ব্রঙ্কস** | 1780 Grand Concourse, 5th Floor<br>Bronx, NY 10457 | 718-299-9017 |
| **ব্রুকলিন** | 345 Adams Street, 4th Floor<br>Brooklyn, NY 11201 | 718-797-8800 |
| **ম্যানহাটন** | 200 Varick Street, 10th Floor<br>New York, NY 10014 | 212-886-2100 |
| **কুইন্স** | 118-35 Queens Boulevard, 11th Floor<br>Forest Hills, NY 11375 | 718-730-6730 |
| **স্টেটেন দ্বীপ** | 1 Edgewater Plaza, 4th Floor<br>Staten Island, NY 10305 | 718-876-0079 |